# ইউরোপে শক্তিশালী রাজতন্ত্রের প্রতিষ্ঠা

## Establishment of Powerful Monarchy in Europe

### জাতি রাষ্ট্র (Nation state)

একটি ভৌগোলিক এলাকায় বসবাসকারী কোনো জনগোষ্ঠী যখন নিজেদেরকে এক ভাবে এবং অন্য জনগোষ্ঠী থেকে আলাদা মনে করে তখন তারা জাতীয়তা গঠন করে। ঐক্যানুভূতি জাতীয়তা গঠনে অপরিহার্য। জাতীয়তার বাহ্যিক উপাদানগুলো হল অভিন্ন ভাষা, সাহিত্য, ধর্ম, ইতিহাস, ঐতিহ্য, ভৌগোলিক এলাকা প্রভৃতি। তবে উপাদানগুলো জাতীয়তা গঠনের ক্ষেত্রে অপরিহার্য নয়। কেননা জাতীয়তা মূলত একটি মানসিক ব্যাপার। জাতীয়তা তখনই জাতিতে পরিণত হয় যখন তা রাজনৈতিক দিক থেকে সংগঠিত হয়ে স্বাধীনতা লাভ করে বা স্বাধীনতা লাভে আগ্রহী হয়। জাতির মধ্যে রাজনৈতিক চেতনা প্রবল। গিল ক্রাইস্টের মতে, 'জাতি হলো রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ'। জাতীয়তার ভিত্তিতে সৃষ্ট রাষ্ট্রই জাতি রাষ্ট্র। আধুনিক রাষ্ট্রগুলো মূলত জাতি রাষ্ট্র। ইতালীয় রাষ্ট্র দার্শনিক ম্যাকিয়াভেলিকে জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা মনে করা হয়।

মধ্যযুগের ইউরোপে কোনো আলাদা রাষ্ট্র ছিল না। সমগ্র ইউরোপ ছিল পবিত্র রোমান সাম্রাজ্যের অধীনে। পবিত্র রোমান সাম্রাজ্য দাঁড়িয়ে ছিল সামন্তবাদী আর্থ-সামাজিক কাঠামোর উপর। দশম শতকে ফ্রান্সে সামন্তবাদ পদ্ধতির সূত্রপাত হয় এবং ক্রমে তা ইউরোপের অন্যান্য দেশে ছড়িয়ে পড়ে। চতুর্দশ শতকের শেষদিক থেকে এই সামন্ত কাঠামো ক্রমাগতভাবে দুর্বল হয়ে পড়তে থাকে। পঞ্চদশ ও ষোড়শ শতাব্দী থেকে সমগ্র ইউরোপে বিভিন্ন আঞ্চলিক রাজা ও জমিদারগণ অনেকটা স্বাধীন হয়ে পড়ে। রাজারা পোপের বদলে জাগতিক এবং পারলৌকিক উভয় জগতের সর্বেসর্বা হয়ে উঠেন।

সামন্ত যুগের শেষ দিকে ষোড়শ শতকে জাতীয় রাষ্ট্রের উদ্ভব ইউরোপের ইতিহাসে অন্যতম যুগান্তকারী ঘটনা। ইউরোপে কয়েকটি শক্তিশালী রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়। নিরঙ্কুশ রাজতন্ত্র ঐসব দেশের জাতীয় ঐক্যকে সুদৃঢ় করে। এই সব শক্তিশালী রাজতন্ত্রের মধ্যে ইংল্যান্ডে টিউডর, ফ্রান্সে বুরবোঁ, অস্ট্রিয়ায় হ্যাপসবার্গ, রাশিয়ায় রোমানভ এবং তুরস্কে ওসমানিয়া রাজবংশের উদ্ভব হয়।

ক্যাথলিক এবং প্রোটেস্টটান্টদের বিরোধকে কেন্দ্র করে ইউরোপে ভয়ানক একটি যুদ্ধ হয়। প্রথম দিকে এই যুদ্ধটি খ্রিষ্টধর্মের দু'টো সম্প্রদায়ের বিরোধকে কেন্দ্র করে শুরু হলেও তা কালক্রমে ইউরোপের তৎকালীন ছোট বড় প্রায় সকল রাজ্য ও রাষ্ট্রে ছড়িয়ে পড়ে ছিল। ৩০ বছরব্যাপী (১৬১৮ - ১৬৪৮ খ্রি.) অবিরামভাবে যুদ্ধ করার পর ক্লান্ত বিপর্যস্ত ইউরোপ ১৬৪৮ সালে ওয়েস্টাফেলিয়া চুক্তি সম্পাদনের মাধ্যমে এই যুদ্ধের অবসান ঘটায়। এই সন্ধি ইউরোপে আধুনিক রাষ্ট্র ব্যবস্থার গোড়াপত্তন করে।

রেনেসাঁসের প্রভাবে ক্রমে পরিবর্তিত সামাজিক পরিস্থিতি এবং জ্ঞান ও মননের বিকাশের পটভূমিতে জাতীয় রাষ্ট্র গঠনের প্রক্রিয়া শুরু হয়। আঠারো এবং উনিশ শতকে আধুনিক জাতীয়তাবাদ ইউরোপে আধুনিক জাতি রাষ্ট্রের বিকাশের গতিকে ত্বরান্বিত করে।

### ইংল্যান্ড

ফ্রান্স ও ইংল্যান্ড ছিল ঐতিহ্যগতভাবে শত্রুভাবাপন্ন দেশ এবং দীর্ঘ একশত বছর (১৩৩৭ - ১৪৫৩ খ্রি.) এরা একে অপরের বিরুদ্ধে যুদ্ধ করে। এরপর সিংহাসনের উত্তরাধিকার দ্বন্দ্ব সংঘাতের ফল স্বরূপ ইংল্যান্ডে 'গোলাপ যুদ্ধ' (Wars of the Roses) এর শুরু হয়। ৩০ বছরব্যাপী (১৪৫৫ - ৮৫ খ্রি.) এ গৃহযুদ্ধে ক্ষতবিক্ষত হয় ইংল্যান্ড। যুদ্ধের এক পক্ষে ছিলো ইয়র্কশায়ারবাদীরা (সাদা গোলাপ) এবং অন্যপক্ষে ল্যাংকাশায়ারবাদীগণ (লাল গোলাপ)। গৃহযুদ্ধের শেষে সিংহাসনে আরোহণ করেন সপ্তম হেনরি টিউডর। তিনি ইংল্যান্ডের রাজনৈতিক সকল অনৈক্য ও অশান্তি দূর করে একটি শক্তিশালী রাজতন্ত্রের সূচনা ঘটান।

### ফ্রান্স

ফ্রান্সের ইতিহাসে বুরবোঁ রাজবংশের উত্থান এক যুগান্তকারী ঘটনা। চতুর্দশ লুই এর রাজত্বকাল অভ্যন্তরীণ এবং ইউরোপীয় রাজনীতিতে ফরাসি প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিলো। রাজশক্তি এতই বৃদ্ধি পায় যে চতুর্দশ লুই ঘোষণা করেন "আমিই রাষ্ট্র" (*I am the state*)। সেন্ট অগাস্টিন, সেন্ট এক্যুইনাস, ফিলমা এবং চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত ঐশী মতবাদের সমর্থক ছিলেন। তাঁরা বিশ্বাস করতেন, বিধাতা স্বয়ং রাষ্ট্র সৃষ্টি করেছেন এবং রাজা তাঁর প্রতিনিধি। রাজা কেবলমাত্র বিধাতার কাছেই দায়বদ্ধ থাকবে, অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে নয়।

### রাশিয়া

রাশিয়ার সম্রাটদের জার বলা হতো। রাশিয়ার ইতিহাসে সবচাইতে বিখ্যাত ব্যক্তি ছিলেন পিটার দ্য গ্রেট। ১৭০৩ সালে সেন্ট পিটার্সবার্গে তিনি রাশিয়ার নতুন রাজধানী স্থাপন করেন। প্রথম পিটার-এর আমলেই রাশিয়া কার্যত মধ্যযুগীয় অন্ধকার থেকে আধুনিক যুগে প্রবেশ করে।

জার ঘণ্টা (Tsar Bell)



অবস্থানঃ ক্রেমলিন, রাশিয়া

Scanned with CamScanner

সেন্ট পিটার্সবার্গ শহরটির নাম ১৯১৪ সালে পেট্রোগ্রাড করা হয়। ১৯২৪ সালে পেট্রোগ্রাডের নাম লেনিনগ্রাড করা হয় এবং ১৯৯১ সালে পুনরায় সেন্ট পিটার্সবার্গ নামটি ফিরিয়ে আনা হয়।

## MCQ Solution

১. **The essential ingredient required in building a nation is -** [Premier Bank Ltd. Trainee Junior Officer: 09]
ⓐ Language ⓑ Geographic location
ⓒ Culture ⓓ All of these
ⓔ None of these **Ans. e**

২. **পৃথিবীতে নানা জাতি সৃষ্টির কারণ কী?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৮]
ⓚ প্রাকৃতিক ⓚ সামাজিক
ⓖ রাজনৈতিক ⓖ ভৌগোলিক **উত্তর: ঘ**

৩. **কোন বৈশিষ্ট্য রাষ্ট্র ও জাতির মধ্যে পার্থক্য নির্দেশ করে?** [ঢাবি (খ ইউনিট): ৯৭-৯৮]
ⓚ জনসংখ্যা ⓚ এলাকা
ⓖ ঐক্য ⓖ সার্বভৌমত্ব **উত্তর: ঘ**

৪. **'জাতি হল রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ'-এ উক্তিটি কে করেন?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ⓚ ম্যাকাইভার ⓚ গিল ক্রাইস্ট
ⓖ স্টালিন ⓖ রামজে ম্যুইর **উত্তর: খ**

৫. **জাতি রাষ্ট্রের অর্থ হলো -** [শাবিপ্রবি (এ ইউনিট): ১২-১৩]
ⓚ ধর্মীয় সম্প্রদায়ভিত্তিক রাষ্ট্র
ⓚ সংস্কৃতিভিত্তিক জাতীয় চেতনায় উদ্বুদ্ধ রাষ্ট্র
ⓖ একটি রাষ্ট্র যেখানে বিভিন্ন এথনিক জনগোষ্ঠী একত্রে বসবাস করে
ⓖ একই ভৌগোলিক এলাকায় বসবাসরত জনগোষ্ঠী কর্তৃক গঠিত রাষ্ট্র **উত্তর: ঘ**

৬. **জাতি রাষ্ট্রের মূল ভিত্তি কী?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১২-১৩]
ⓚ জাতীয়তাবাদ ⓚ জাতীয় ঐক্য
ⓖ রাজনৈতিক ঐক্য ⓖ অর্থনীতি **উত্তর: ক**

৭. **জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৫-১৬]
ⓚ ম্যাকিয়াভেলি ⓚ বিসমার্ক
ⓖ হিটলার ⓖ মুসোলিনী **উত্তর: ক**

৮. **সামন্তবাদ কোন ইউরোপীয় দেশে প্রথম সূত্রপাত হয়?** [৩৭তম বিসিএস]
ⓚ ইতালি ⓚ ইংল্যান্ড
ⓖ ফ্রান্স ⓖ রাশিয়া **উত্তর: গ**

৯. **কোন চুক্তির মাধ্যমে ইউরোপের "Thirty Years' War" এর সমাপ্তি ঘটে?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ লুজান চুক্তি, ১৯২০ ⓚ প্যারিস চুক্তি, ১৭৮০
ⓖ ভারসাই চুক্তি, ১৯১৯
ⓖ ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮ **উত্তর: ঘ**

১০. **The modern nation-state system is the result of -** [JU (C1 Unit): 15-16]
ⓐ Treaty of Rome
ⓑ The maastricht Treaty
ⓒ Treaty of Westphalia
ⓓ The Treaty of Versilles **Ans. c**

১১. **আধুনিক রাষ্ট্রব্যবস্থা উদ্ভবের সময়কাল কোনটি?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓚ ১৬০০-১৮০০ সাল
ⓚ প্রাচীন গ্রীস সময়কাল
ⓖ প্রাচীন রোম শাসনকাল
ⓖ প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকাল **উত্তর: ক**

১২. **কোন দুটি দেশের মধ্যে 'শতবর্ষ ব্যাপী যুদ্ধ' (Hundred years' war) ঘটেছিল?** [উত্তরা ব্যাংক লি. সহকারী অফিসার (ক্যাশ): ১৭]
ⓚ ফ্রান্স ও ইতালি ⓚ ফ্রান্স ও জার্মানি
ⓖ ফ্রান্স ও ইংল্যান্ড ⓖ ইংল্যান্ড ও জার্মানি **উত্তর: গ**

১৩. **War of the Roses was -** [PKSF Asst. Manager: 16]
ⓐ War between Iraq and US
ⓑ Civil war in England
ⓒ War between Iraq and Iran
ⓓ None of these **Ans. b**

১৪. **"আমিই রাষ্ট্র"- উক্তিটি কার?** [ঢাবি (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) : ২৪-২৫]
ⓚ মরগ্যান ⓚ চতুর্দশ লুই
ⓖ হিটলার ⓖ মুসোলিনি **উত্তর: খ**

১৫. **সেন্ট অগাস্টিন, সেন্ট একুইনাস, ফিলমা এবং ফ্রান্সের রাজা চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত কোন মতবাদের সমার্থক ছিলেন?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ⓚ ঐশ্বরিক মতবাদ ⓚ পিতৃতান্ত্রিক মতবাদ
ⓖ মাতৃতান্ত্রিক মতবাদ ⓖ বিবর্তনমূলক মতবাদ **উত্তর: ক**

১৬. **মহান পিটার যে দেশের শাসক ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৮-০৯]
ⓚ অস্ট্রিয়া ⓚ রাশিয়া
ⓖ প্রুশিয়া ⓖ ডেনমার্ক **উত্তর: খ**

১৭. **The name of which of the following cities was changed to Petrograd and Leningrad?** [Bangladesh Krishi Bank Officer: 11]
ⓐ Moscow ⓑ St. Petersburg
ⓒ Tashkent ⓓ Kiev **Ans. b**

১৮. **রাশিয়ার লেনিনগ্রাড শহরের বর্তমান নাম কী?** [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্যসহকারী: ২৩]
ⓚ সেন্ট পিটার্সবার্গ ⓚ কিয়েভ
ⓖ ভ্লাদিভস্টক ⓖ ভলগাগ্রাড **উত্তর: ক**

Scanned with CamScanner

# আমেরিকার স্বাধীনতা যুদ্ধ (১৭৭৫ - ১৭৮৩ খ্রি.)
## American Revolutionary War(1775-1783 AD)

ব্রিটেনের বণিক সম্প্রদায় ১৬০৭ সালে যুক্তরাষ্ট্রের জেমস টাউনে (ভার্জিনিয়ায়) উপনিবেশ স্থাপন করে। এটি ছিল উত্তর আমেরিকা মহাদেশে ব্রিটেনের প্রথম উপনিবেশ। পরবর্তীকালে উত্তর আমেরিকায় উপনিবেশ স্থাপনের প্রক্রিয়া অব্যাহত থাকে এবং ১৭৩৩ সালের মধ্যে ১৩ টি উপনিবেশ গড়ে উঠে। ১৭৭৬ সালের ৪ জুলাই আমেরিকার ১৩টি উপনিবেশ (দ্বিতীয় মহাদেশীয় কংগ্রেস) স্বাধীনতার ঘোষণা করে। এজন্য প্রতিবছর ৪ জুলাই যুক্তরাষ্ট্রের 'স্বাধীনতা দিবস' হিসাবে পালিত হয়। টমাস জেফারসনের নেতৃত্বে ৫ সদস্যের একটি কমিটি স্বাধীনতার ঘোষণাপত্রের খসড়া প্রস্তুত করে। ঘোষণাপত্রে মোট ৫৬ জন প্রতিনিধি স্বাক্ষর করেন যাদের মধ্যে বয়োজ্যেষ্ঠ ছিলেন বেঞ্জামিন ফ্রাঙ্কলিন। যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের প্রধান সেনাপতি নিযুক্ত হন জর্জ ওয়াশিংটন।

আমেরিকার স্বাধীনতা যুদ্ধের অন্যতম প্রধান কারণগুলো নিম্নরূপ-

- রাজা তৃতীয় জর্জ এর স্বেচ্ছাচারিতা
- সুগার এ্যাক্ট, ১৭৬৪
- বোস্টন হত্যাকাণ্ড (৫ মার্চ, ১৭৭০ খ্রি.)
- চা আইন, ১৭৭৩ প্রবর্তনের ফলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি কোনোরূপ শুল্ক পরিশোধ না করেই উপনিবেশে সরাসরি চা রপ্তানির সুযোগ লাভ করে। ফলে উপনিবেশের আমেরিকান ব্যবসায়ীগণের পক্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির সঙ্গে ব্যবসায়িক প্রতিযোগিতায় টিকতে না পারায় এবং অর্থনৈতিক ভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা দেখা দেয়। এ অবস্থায় উপনিবেশবাসীরা কোম্পানি কর্তৃক আমদানিকৃত চা বর্জন করতে শুরু করে। অন্যদিকে ইস্ট ইন্ডিয়া কোম্পানি তাদের আমদানিকৃত চা রাতে জাহাজ থেকে উপনিবেশের বন্দরে নামাতে না পারে সেজন্য উপনিবেশের আমেরিকান ব্যবসায়ীদের একাংশ তৎপর হয়। তারা ফিলাডেলফিয়া ও নিউইয়র্ক বন্দরে কোম্পানির জাহাজ থেকে চা খালাস বন্ধ রাখে। তবে বোস্টনে নোঙ্গরকৃত তিনটি জাহাজকে পোতাশ্রয় হতে ফিরিয়ে দিতে ব্যর্থ হয়ে একদল উপনিবেশবাসী ১৭৭৩ সালের ১৬ ডিসেম্বর রেড-ইন্ডিয়ানদের ছদ্মবেশে জাহাজে উঠে জাহাজের চায়ের পেটিগুলো সমুদ্রে নিক্ষেপ করে। আমেরিকার ইতিহাসে এই ঘটনা 'বোস্টন টি পার্টি' (Boston Tea Party) নামে পরিচিত।

যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধে ফ্রান্স প্রত্যক্ষভাবে উপনিবেশবাসীদের সাহায্য করে। ফ্রান্স ১৭৭৮ সালে উপনিবেশসমূহের সঙ্গে একটি সামরিক চুক্তি করে। চুক্তি অনুযায়ী ফ্রান্স আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ নৌ বাহিনীকে প্রতিরোধ করতে শুরু করে এবং উপনিবেশসমূহকে সৈন্য ও অস্ত্র দিয়ে সাহায্য করতে থাকে। আমেরিকান ও ফরাসি সৈন্য দ্বারা ব্রিটিশ সেনাপতি কর্নওয়ালিশ অবরুদ্ধ হয়ে পড়েন এবং শেষ পর্যন্ত ১৭৮১ সালে আত্মসমর্পণ করেন। ১৭৮২ সালের ২০ মার্চ ব্রিটিশ পার্লামেন্টে যুদ্ধ বন্ধের প্রস্তাব গৃহীত হয়। ১৭৮৩ সালে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের অবসানের জন্য ৪টি চুক্তি স্বাক্ষরিত হয়, যা 'প্যারিসের শান্তি' (Peace of Paris) নামে পরিচিত। যথা-

ক) প্যারিস চুক্তি: গ্রেট ব্রিটেন বনাম যুক্তরাষ্ট্রের মধ্যে প্যারিসে ১টি চুক্তি স্বাক্ষরিত হয়।

খ) ভার্সাই চুক্তি: গ্রেট ব্রিটেন বনাম ফ্রান্স-স্পেনের মধ্যে ভার্সাইয়ে ২টি চুক্তি স্বাক্ষরিত হয়।

গ) গ্রেট ব্রিটেন বনাম ডাচদের মধ্যে ১টি চুক্তি প্যারিসে স্বাক্ষরিত হয়।

**স্ট্যাচু অব লিবার্টি (Statue of Liberty)**

| | |
|---|---|
| অবস্থান | লিবার্টি দ্বীপ, ম্যানহাটন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র। |
| ভাস্কর | ফ্রেডেরিক অগাস্ট বার্থোল্ডি |
| উৎসর্গ | যুক্তরাষ্ট্রের স্বাধীনতার শতবর্ষ পূর্তি উপলক্ষে ফ্রান্স ১৮৮৬ সালে যুক্তরাষ্ট্রকে ভাস্কর্যটি উপহার দেয়। |



## MCQ Solution

১. **যুক্তরাষ্ট্র কোন দেশের উপনিবেশ ছিল?** [বাউবি (সামাজিক বিজ্ঞান,মানবিক ও ভাষা স্কুল): ১১-১২]

ⓚ স্পেন ⓚ ব্রিটেন
ⓖ ফ্রান্স ⓖ জার্মানি **উত্তর: খ**

২. **আমেরিকা কার কাছ থেকে স্বাধীনতা লাভ করে?** [BRDB এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২৩]

ⓚ ব্রিটেন ⓚ ফ্রান্স
ⓖ অস্ট্রেলিয়া ⓖ কানাডা **উত্তর: ক**

৩. **যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যে ইউরোপীয় নাগরিকরা প্রথমে বসতি স্থাপন করে?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা: ০৬]

ⓚ ভার্জিনিয়া ⓚ ম্যাসাচ্যুসেটস
ⓖ মেরিল্যান্ড ⓖ নিউ মেক্সিকো **উত্তর: ক**

৪. **ব্রিটেনের বণিক সম্প্রদায় যুক্তরাষ্ট্রের কতটি অঙ্গরাজ্যে উপনিবেশ গড়ে তুলেছিল?** [BPSC এর সহকারী পরিচালক: ০৬]

ⓚ ৯টি ⓚ ১১টি
ⓖ ১৩টি ⓖ ১৭টি **উত্তর: গ**

Scanned with CamScanner

৫. **'*Boston Tea Party*' is associated with the?** [Standard Bank Ltd. Asst. Officer (Cash): 11]
ⓐ French Revolution
ⓑ Bolshevik Revolution
ⓒ American Independence
ⓓ Independence of Egypt **Ans. c**

৬. **আমেরিকা স্বাধীনতা ঘোষণা করে-** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) : ২৩]
ⓚ ২ জুলাই, ১৫৫৬
ⓚ ৩ জুলাই, ১৬৭৬
ⓖ ৪ জুলাই, ১৭৭৬
ⓖ ৫ জুলাই, ১৮৭৬ **উত্তর: গ**

৭. **যুক্তরাষ্ট্রের স্বাধীনতা সংগ্রামের নায়ক-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া): ১২]
ⓚ জর্জ ওয়াশিংটন ⓚ আব্রাহাম লিঙ্কন
ⓖ রুজভেল্ট ⓖ কলম্বাস **উত্তর: ক**

৮. **The Declaration of Independence in the USA was written by:** [Bangladesh Bank AD: 14]
ⓐ Abraham Lincoln
ⓑ Thomas Jefferson
ⓒ George Washington
ⓓ Dwight D. Eisenhower **Ans. b**

৯. **Who was the oldest person to sign the US Declaration of Independence?** [Sonali Bank Ltd. (Executive Officer): 17]
ⓐ Abraham Lincoln
ⓑ Benjamin Franklin
ⓒ George Washington
ⓓ Thomas Jefferson **Ans. b**

১০. **আমেরিকা স্বাধীন হয় -** [রাবি (এ ইউনিট): ১৬-১৭]
ⓚ ১৬৮৮ সালে ⓚ ১৯০০ সালে
ⓖ ১৭৮৩ সালে ⓖ ১৭৯০ সালে **উত্তর: গ**

১১. **মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় দিবস কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ⓚ ১৪ জুলাই ⓚ ১৪ আগস্ট
ⓖ ৪ জুলাই ⓖ ২৩ মার্চ **উত্তর: গ**

১২. **আমেরিকা অর্থাৎ বর্তমান ইউএসএ ব্রিটেনের একটি কলোনী ছিল। ব্রিটেনের হাত হতে মুক্ত হয়ে স্বাধীনতা অর্জনের জন্য তাদের দীর্ঘদিন যুদ্ধ করতে হয়। এ যুদ্ধে তাদের প্রত্যক্ষ সাহায্য প্রদান করে ইউরোপের একটি দেশ। সে কোন দেশটি?** [এলজিইডিতে সহকারী প্রকৌশলী: ০৫]
ⓚ জার্মানি ⓚ স্পেন
ⓖ ফ্রান্স ⓖ পর্তুগাল **উত্তর: গ**

১৩. **আমেরিকার স্বাধীনতা যুদ্ধে যে ইংরেজ সেনাপতি ইংরেজ সৈন্য পরিচালনা করেন তার নাম কী?** [শ্রম অধিদপ্তর অফিসার: ১৪]
ⓚ কর্নওয়ালিস ⓚ লর্ড নর্থ
ⓖ হ্যামিল্টন ⓖ জর্জ ওয়াশিংটন **উত্তর: ক**

১৪. **The American General who led the revolt against the British and declared American independence was - / কোন আমেরিকান জেনারেল ব্রিটিশদের বিরুদ্ধে বিদ্রোহে নেতৃত্ব দান করেন এবং আমেরিকার স্বাধীনতা ঘোষণা করেন?** [Janata Bank Ltd Executive Officer: 12]
ⓐ George Bush
ⓑ Bill Clinton
ⓒ George Washington
ⓓ Theodore Roosevelt **Ans. c**

১৫. **১৭৮৩ সালে ভার্সাইতে কয়টি চুক্তি স্বাক্ষরিত হয়?** [৩৬তম বিসিএস]
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫ **উত্তর: ক**

১৬. **In which year American Independence was acknowledged by England?** [3 Banks Joint recruitment test Officer (Cash): 18]
ⓐ 1782 ⓑ 1783
ⓒ 1784 ⓓ 1785 **Ans. b**

১৭. **যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ডের মধ্যে স্বাক্ষরিত যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক 'স্বাধীনতা চুক্তি'টি কি নামে পরিচিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা): ১৪]
ⓚ প্রথম ভার্সাই চুক্তি ⓚ বার্লিন চুক্তি
ⓖ স্বাধীনতা চুক্তি ⓖ ওয়াশিংটন চুক্তি **উত্তর:**
**ব্যাখ্যা:** যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক স্বাধীনতা চুক্তিটি 'প্যারিসের শান্তি' নামে পরিচিত।

১৮. **১৭৮৩ সালে প্যারিস চুক্তি স্বাক্ষর হয়েছিল কোন দুটি দেশের মধ্যে?** [BREB এর সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন): ১৭]
ⓚ ফ্রান্স ও জার্মানি ⓚ যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য
ⓖ জার্মানি-যুক্তরাজ্য ⓖ ফ্রান্স ও যুক্তরাজ্য **উত্তর: খ**

১৯. **যুক্তরাষ্ট্রকে 'স্ট্যাচু অব লিবার্টি' নিম্নের কোন দেশ উপহার দেয়?** [১৭তম বিসিএস/ চবি (বি১ উপ-ইউনিট) : ২৪-২৫]
ⓚ বেলজিয়াম ⓚ যুক্তরাজ্য
ⓖ ইতালি ⓖ ফ্রান্স **উত্তর: ঘ**

২০. **'স্ট্যাচু অব লিবার্টি' কোথায় অবস্থিত?** [BREB মিটার রিডার : ২৩]
ⓚ ফ্রান্সের আইল্যান্ডে ⓚ নিউইয়র্কে আইল্যান্ডে
ⓖ জাপানের ভূমিতে ⓖ ভারতের দিল্লিতে **উত্তর: খ**

২১. **Statue of Liberty-এর স্থপতির (architect) নাম কী?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ⓚ দ্য গ্যাঁলে ⓚ গুস্তাভ
ⓖ বার্থোলডি ⓖ দ্য জোঁ ঝোঁ **উত্তর: গ**

Scanned with CamScanner

# ফরাসি বিপ্লব ও নেপোলিয়ন বোনাপার্ট
## French Revolution & Napoleon Bonaparte

### ফরাসি বিপ্লব (১৭৮৯ - ১৭৯৯ খ্রি.)

**রাজনৈতিক পটভূমি:** স্বেচ্ছাচারী রাজতন্ত্র ছিল ফ্রান্সের বিপ্লব-পূর্ববর্তী রাজনৈতিক অবস্থার সবচেয়ে বড় বৈশিষ্ট্য। রাজা ষোড়শ লুই অভ্যন্তরীণ ও বৈদেশিক ক্ষেত্রে চরম ব্যর্থতার পরিচয় দেন।

**আর্থ-সামাজিক পটভূমি:** বিপ্লবের প্রাক্কালে ফ্রান্সের সমাজ-ব্যবস্থাও ছিল বৈষম্যপূর্ণ। এ বৈষম্য শিক্ষিত মধ্যবিত্তদের মনে দারুণ অসন্তোষ সৃষ্টি করে। কৃষকদের মধ্যেও অভিজাতদের সুযোগ-সুবিধার বিরুদ্ধে ক্ষোভ ছিল।

**বুদ্ধিবৃত্তিক পটভূমি :** আঠারো শতকের ফ্রান্সে একদল দার্শনিক ও চিন্তানায়কের আবির্ভাব ঘটে। এরা তাদের লেখনীর মাধ্যমে প্রচলিত রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার ত্রুটি-বিচ্যুতি মানুষের কাছে তুলে ধরেন। এসব লেখকের মধ্যে সবচেয়ে বিখ্যাত ছিলেন ভলতেয়ার, মন্টেস্কু এবং রুশো।

- ***দার্শনিক জ্যাঁ জ্যাক রুশো*** ফরাসি বিপ্লবের পথ সুগম করার ক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখেন। এ বিপ্লবের মূলমন্ত্র সাম্য, স্বাধীনতা ও মৈত্রী (*Liberty, Equality and Fraternity*) - তাঁর চিন্তাধারা থেকে নেয়া। রুশো বিশ্বাস করতেন, "জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী"। তিনি 'সামাজিক চুক্তি' (The Social Contract) গ্রন্থের শুরুতেই উল্লেখ করেন 'স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার, কিন্তু তবু মানুষ সর্বত্রই শৃঙ্খলিত' (*Man is born free, but everywhere he is in chains*)। দার্শনিক রুশো এবং ব্রিটিশ দার্শনিক টমাস হবস্ ও জন লককে সামাজিক চুক্তি মতবাদের প্রবর্তক বলা হয়। সামাজিক চুক্তি মতবাদের মূলকথা হচ্ছে - রাষ্ট্রের জন্ম হয় একটি সামাজিক চুক্তির মাধ্যমে। প্রকৃতির রাজ্যে বসবাসকারী মানুষ 'সমষ্টিগত ইচ্ছা'-এর (General Will) কাছে নিজের অধিকার ছেড়ে দেয়।



*দার্শনিক রুশো*

- ***দার্শনিক ভলতেয়ার*** ছিলেন যুক্তির পূজারী। ব্রিটিশ লেখক ইভলিন হল ভলটেয়ারের জীবন দর্শন ও চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করতে গিয়ে *"I disapprove of what you say, but I will defend to death your right to say it"* উক্তির অবতারণা করেন।

- ***দার্শনিক শার্লস মন্টেস্কু*** *The Spirit of the Laws* (১৭৪৮) গ্রন্থে বলেন, জনগণ যাতে ব্যক্তি স্বাধীনতা ভোগ করতে পারে সেজন্যে সরকারের তিনটি বিভাগ (নির্বাহী, আইন এবং বিচার) পরাধীন থেকে স্বাধীন হওয়া অপরিহার্য। একটি বিভাগ অপর বিভাগের ওপর কোনো প্রকার নিয়ন্ত্রণ আরোপ করা বাঞ্ছনীয় নয়। এর অন্যথা হলে জনগণ গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হবে। এ ধারণা ক্ষমতার বিভাজন তত্ত্ব (Doctrine of the Separation of Powers) নামে পরিচিত। এভাবে মন্টেস্কু ফ্রান্সে প্রচলিত স্বেচ্ছাচারী রাজতন্ত্রের ভিত্তিমূলে আঘাত করেন।

**ঘটনাপ্রবাহ**

১৭৮৯ ১৪ জুলাই প্যারিসের বাস্তিল দুর্গের পতন হয়। দুর্গটি ছিল স্বেচ্ছাচারী রাজতন্ত্রের প্রতীক। কেউ রাজশাসনের সমালোচনা করলে তাকে গ্রেফতার করা হতো এবং বিনা বিচারে অনির্দিষ্টকাল বাস্তিলের জেলখানায় (যা এককালে একটি দুর্গ ছিল) আটক রাখা হতো।
ফ্রান্সের ভার্সাই শহরে 'Jacobin Club' যাত্রা শুরু করে। প্রতিষ্ঠাতা ছিলেন ম্যাক্সিমিলান রোব্‌সপীয়র।

১৭৯০ Cordeliers Club এর উদ্ভব হয়। ধীরে ধীরে ক্লাবগুলো রাজনৈতিক প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে।

১৭৯২ রাজা ষোড়শ লুইকে পদচ্যুত করা হয়। রাজতন্ত্র বিলোপ করা হয়।

১৭৯৩ ষোড়শ লুইকে গিলোটিনে শিরশ্ছেদ করা হলে দেশে বিদেশে ফ্রান্সের শত্রু বৃদ্ধি পায়। এ পরিস্থিতি মোকাবিলার জন্য বিশেষ একটি কমিটি গঠন করা হয়। এই কমিটির জিরোনডিস্ট ও জ্যাকোবিন সদস্যদের মধ্যে তিক্ততার সম্পর্ক সৃষ্টি হলে জ্যাকোবিনরা জিরোনডিস্টদের হত্যা করে। রোবসপিয়ার, দান্তে ও মারাটের নেতৃত্বে ফ্রান্সে সন্ত্রাসের রাজত্ব (Reign of Terror) প্রতিষ্ঠিত হয়।

১৭৯৪ সন্ত্রাসের রাজত্বের অবসান ঘটে। রোব্‌সপীয়রকে গিলোটিনে শিরশ্ছেদ করা হয়।

১৭৯৯ নেপোলিয়ন ফরাসি প্রজাতন্ত্রের 'প্রথম কনস্যুল' হিসেবে ক্ষমতা গ্রহণ করেন। নেপোলিয়নকে 'ফরাসি বিপ্লবের শিশু' বলা হয়।

ফরাসি বিপ্লবের সূত্র ধরে ফ্রান্সে জাতীয়তাবাদ আর্বিভূত হয়। এ বিপ্লব ইউরোপের পুরাতন সমাজ ও শাসন ব্যবস্থা ভেঙ্গে দেয় এবং এক নতুন যুগের সূচনা করে।

Scanned with CamScanner

## MCQ Solution

১. ফরাসি বিপ্লবের মেয়াদকাল- [ঢাকা বি ইউনিট: ১৯-২০]
ক ১৬৮৯-১৬৯৯ খ ১৭৮৯-১৭৯৯
গ ১৭৭৬-১৭৮৬ ঘ ১৮৮৬-১৮৯৬ উত্তর: খ

২. ফরাসি বিপ্লব (French Revolution) সংঘটিত হয়েছিল -[৪১তম বিসিএস/ বন অধিদপ্তর এর বন প্রহরী : ২৪]
ক ১৭৮৯ খ ১৭৯১
গ ১৭৯৫ ঘ ১৮০০ উত্তর: ক

৩. কোন দুইজন দার্শনিক লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন? [প্রাথমিক বিদ্যালয় এর সহকারী শিক্ষক : ২৪]
ক রুশো ও ভলটেয়ার
খ শেক্সপিয়ার ও ভলটেয়ার
গ প্লেটো ও এরিস্টটল
ঘ প্লেটো ও রুশো উত্তর: ক

৪. ফরাসি বিপ্লবের মূলমন্ত্র কী ছিল? [ঢাকা বি ইউনিট: ২০-২১]
ক জাতীয়তা, স্বাধীনতা ও শান্তি
খ স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ববোধ
গ শিক্ষা, ঐক্য ও প্রগতি
ঘ গণতন্ত্র, সমতা ও স্বাধীনতা উত্তর: খ

৫. ফরাসি বিপ্লবের মতবাদ বা স্লোগানের প্রবক্তা কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক মোপাসাঁ খ ভলতেয়ার
গ বার্ট্রান্ড রাসেল ঘ রুশো উত্তর: ঘ

৬. 'The Social Contract' is written by - [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ⓐ Voltaire ⓑ Jean-Jacques Rousseau
ⓒ Plato ⓓ Aristotle Ans. b

৭. সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে? [ঢাকা বি ইউনিট: ১১-১২]
ক প্লেটো খ এরিস্টটল
গ সক্রেটিস ঘ রুশো উত্তর: ঘ

৮. 'সামাজিক চুক্তি' মতবাদের সমর্থক - [ঢাকা বি ইউনিট: ১৪-১৫]
ক হবস ও ভলতেয়ার খ হবস, লক ও রুশো
গ রুশো ও ভলতেয়ার ঘ লক ও বেন্থাম উত্তর: খ

৯. 'Man is born free and everywhere he is in chains' was quoted by- [BSCIC Promotion Officer: 21]

*Or,*

কে বলেছিলেন "মানুষ জন্মগতভাবে স্বাধীন কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত"? [ঢাকা কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট : ২২-২৩]
ক ভ্লাদিমির লেনিন খ জ্যাঁ জ্যাক রুশো
গ কার্ল মার্কস ঘ জন লক উত্তর: খ

১০. "জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী" উক্তিটি কার? [ঢাকা খ ইউনিট: ০৬-০৭]
ক কার্ল মার্কস খ হিটলার
গ রুশো ঘ প্লেটো উত্তর: গ

১১. ***Who said the words, "I disapprove of what you say, but I will defend to death your right to say it"?*** [NBL Probationary Officer: 13]
ⓐ G.B Shaw ⓑ Vladimir Lenin
ⓒ Voltaire ⓓ Rousseau Ans. c

১২. 'The Spirit of Laws' গ্রন্থের লেখক কে? [ঢাকা বি ইউনিট) : ২৪-২৫]
ক মন্টেস্কু খ হবস
গ প্লেটো ঘ হ্যারল্ড উত্তর: ক

১৩. ক্ষমতার বিভাজন (Separation of power) তত্ত্বের প্রবক্তা কে? [ঢাকা বি ইউনিট: ১০-১১]
ক মন্টেস্কু খ ভলতেয়ার
গ জন লক ঘ রুশো উত্তর: ক

১৪. বাস্তিল দুর্গের পতন ঘটেছিল- [১০ম বিসিএস]
ক ১৪ জুলাই, ১৭৮৯ খ ২৬ আগস্ট, ১৭৮৮
গ ৫ অক্টোবর, ১৭৮৮ ঘ ৭ জুন, ১৭৮৮ উত্তর: ক

১৫. বাস্তিল দুর্গের পতন যে দেশের ইতিহাসের সাথে জড়িত - [ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট (কলা ও সামাজিক বিজ্ঞান) : ২১-২২]

*Or,*

'*Fall of the Bastille*' is associated with- [BRC Officer: 07]
ক ভারত খ রাশিয়া
গ ফ্রান্স ঘ জার্মানি উত্তর: গ

১৬. For which historical event the year of 1789 is renowned? [SIBL MTO: 13]

*Or,*

কোন ঐতিহাসিক ঘটনার জন্য ১৭৮৯ সালটি বিখ্যাত? [ঢাকা (সমাজবিজ্ঞান) : ০৭-০৮]
ⓐ Independence of USA
ⓑ Battle of Waterloo
ⓒ French Revolution
ⓓ Discovery of America by Columbus
ⓔ Industrial Revolution Ans. c

১৭. ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা কে ছিলেন? [ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক চতুর্দশ লুই খ ষোড়শ লুই
গ নেপোলিয়ন ঘ ফিলিপস উত্তর: খ

১৮. জেকোবিন কী? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক আমেরিকার বর্ণবাদী সন্ত্রাসী সংগঠন
খ ফরাসি বিপ্লবের অগ্রনায়ক ক্লাব
গ বিখ্যাত রেহালা বাদক
ঘ ইউরোপীয়ান নাইট উত্তর: খ

১৯. জ্যাকোবিনদের উত্থান ঘটেছিল - [ঢাকা বি ইউনিট: ১৪-১৫]
ক ইংল্যান্ডে খ স্পেনে
গ ফ্রান্সে ঘ জার্মানিতে উত্তর: গ

২০. জিরন্ডিনদের উত্থান ঘটেছিল -[জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক) ইংল্যান্ডে  খ) স্পেনে
গ) ফ্রান্সে  ঘ) জার্মানিতে  উত্তর: গ

২১. রোবসপীয়র-[ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ক) আমেরিকান লেখক  খ) স্পেনের গেরিলা যোদ্ধা
গ) চলচ্চিত্র অভিনেতা  ঘ) ফরাসি বিপ্লবের নেতা  উত্তর: ঘ

২২. দান্তে.............বিপ্লবের নেতা ছিলেন। [জাবি (গ ইউনিট): ১৮-১৯]
ক) ফরাসি  খ) জুলাই
গ) আগস্ট  ঘ) অক্টোবর  উত্তর: ক

২৩. ফরাসি বিপ্লবের শিশু বলা হয়- [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৫-০৬]
ক) রুশোকে  খ) জনলককে
গ) ভলতেয়ারকে  ঘ) নেপোলিয়নকে  উত্তর: ঘ

২৪. **French Revolution ended in the year -** [Petrobangla Assistant Manager : 24]
ⓐ 1767  ⓑ 1776
ⓒ 1769  ⓓ 1799  **Ans. d**

২৫. ফরাসি বিপ্লবের সূত্রে আর্বিভূত হয়েছিল– [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ক) পুঁজিবাদ  খ) জাতীয়তাবাদ
গ) সমাজতন্ত্র  ঘ) বিশ্বায়ন  উত্তর: খ

## নেপোলিয়ন বোনাপার্টের উত্থান

### নেপোলিয়ন বোনাপোর্ট



| | |
|---|---|
| জন্ম | ১৫ আগস্ট, ১৭৬৯। কর্সিকা দ্বীপ, ফ্রান্স। |
| মৃত্যু | ১৮২১ সালে, সেন্ট হেলেনা দ্বীপ (যুক্তরাজ্যে) |
| উপাধি | লিটল কর্পোরাল |
| উক্তি | - Impossible is a word to be found only in the dictionary of fools. (অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে)<br>- Give me Good Mother, I will give you good nation.(আমাকে ভাল মা দাও, তাহলে আমি তোমাদের ভাল জাতি দিব)<br>- I am the Revolution. |

নেপোলিয়ন বেনাপোর্টের শাসনামলে ফ্রান্স ইউরোপের গুরুত্বপূর্ণ শক্তি হিসাবে আত্মপ্রকাশ করে। ১৮০৪ সালে নেপোলিয়ন ফ্রান্সের সম্রাটরূপে অধিষ্ঠিত হন।

**ট্রাফালগার যুদ্ধ (১৮০৫ খ্রি.):** স্পেনের ট্রাফালগার অন্তরীপে সংঘটিত এই যুদ্ধে ব্রিটিশ নৌবাহিনী ফ্রান্স-স্পেনের সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে ঐতিহাসিক জয় পায়। যুদ্ধে ব্রিটিশ সেনাপতি ছিলেন নেলসন। কর্তব্যনিষ্ঠ নেলসন বিশ্বাস করতেন, 'England expects that every man will do his duty'। ট্রাফালগারের যুদ্ধ জয়কে স্মরণীয় করে রাখতে লন্ডনের কেন্দ্রস্থলে একটি চত্বরের নামকরণ করা হয় 'ট্রাফালগার স্কয়ার' (Trafalgar Square)। ট্রাফালগার স্কয়ারের পাশেই রয়েছে প্রসিদ্ধ পলমল সড়ক।

**ওয়াটার'লু যুদ্ধ (১৮১৫ খ্রি.):** বেলজিয়ামের ওয়াটার লু নামক স্থানে ব্রিটেনের নেতৃত্বাধীন মিত্রবাহিনীর সাথে নেপোলিয়নের যুদ্ধ হয়। মিত্রবাহিনীর নেতৃত্ব দেন ডিউক অব ওয়েলিংটন। নেপোলিয়ন এ যুদ্ধে পরাজিত হন।

**ভিয়েনা কংগ্রেস (১৮১৫ খ্রি.):** সম্রাট নেপোলিয়নের সাম্রাজ্যবাদী নীতি সমগ্র ইউরোপ গ্রাস করতে উদ্যত হয়েছিল। ওয়াটারলুর যুদ্ধে পরাজিত হলে নেপোলিয়নকে দক্ষিণ আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসনে পাঠানো হয়। ওয়াটার লু'র যুদ্ধের দুই সপ্তাহ পর সুইস আর্মি ফ্রান্সে আগ্রাসন চালায়। এ অবস্থায় ইউরোপে যে বিশৃংখল পরিস্থিতি বিরাজ করছিল তা থেকে উত্তরণ এবং দীর্ঘমেয়াদী শান্তি প্রতিষ্ঠার জন্য বিজয়ী মিত্র শক্তিবর্গ অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় এক সম্মেলন আহ্বান করেন। ইউরোপীয় এ সম্মেলন ভিয়েনা সম্মেলন নামে খ্যাত। ১৮১৫ সালের পর থেকে সুইজারল্যান্ড অদ্যবধি অন্য কোনো দেশের বিরুদ্ধে যুদ্ধ করেনি। আন্তর্জাতিক ক্ষেত্রে সুইজারল্যান্ডকে নিরপেক্ষ রাষ্ট্র হিসেবে বিবেচনা করা হয়।

## MCQ Solution

১. নেপোলিয়ান কোথায় জন্মগ্রহণ করেন? [পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল (খুলনা) পোস্টাল অপারেটর: ২৩]
ক) সিসিলি  খ) মাল্টা
গ) কর্সিকা  ঘ) সার্দিনিয়া  উত্তর: গ

২. ***"Impossible is a word to be found in a fools dictionary"*** **was the observation of** -[CU (D Unit): 18-19] *Or*,
**'অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে'- এটি কার উক্তি?** [চবি (বি১ ইউনিট): ১৩-১৪]
ⓐ Che Guevara  ⓑ Plato
ⓒ Einstein  ⓓ Napoleon
ⓔ None of them  **Ans. d**

৩. **'I am the Revolution' উক্তিটি করেছিলেন** - [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক) এডলফ হিটলার  খ) নেপোলিয়ন বোনাপার্ট
গ) বেনিটো মুসোলিনী  ঘ) অটোভন বিসমাক  উত্তর: খ

Scanned with CamScanner

৪. "*Give me Good Mother, I will give you good nation*" was the observation of -[পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক বা মাঠকর্মী: ১৪]
ⓐ Hitler ⓑ Abraham Lincoln
ⓒ SK Mujib ⓓ Napoleon **Ans. d**

৫. **'লিটল কর্পোরেল' কার উপাধি?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ⓚ লাল বাহাদুর শাস্ত্রী ⓚ নেপোলিয়ান বোনাপার্ট
ⓖ সাদা বাহাদুর শাস্ত্রী ⓖ আল খাওয়াজমি **উত্তর: খ**

৬. **ফ্রান্সে নেপোলিয়ান বোনাপার্ট ক্ষমতায় এসেছিলেন?** [ঢাবি (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ ১৭৮৯ ⓚ ১৭৯৯
ⓖ ১৮০২ ⓖ ১৭৫৪ **উত্তর: খ**

৭. **'সেন্ট হেলেনা' দ্বীপটি কোন মহাসাগরে অবস্থিত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ⓚ ভারত মহাসাগরে ⓚ আটলান্টিক মহাসাগরে
ⓖ প্রশান্ত মহাসাগরে ⓖ উত্তর মহাসাগরে **উত্তর: খ**

৮. **আটলান্টিক মহাসাগরের কোন দ্বীপে নেপোলিয়নকে কারারুদ্ধ করে রাখা হয়েছিল?** [ইবি (বিইউনিট): ১৩-১৪]
ⓚ সেন্ট চার্লস ⓚ সেন্ট হেলেনা
ⓖ সেন্ট জন ⓖ সেন্ট পল **উত্তর: খ**

৯. **ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়নের জীবনাবসান হয় কোথায়?** [২৬তম বিসিএস]
ⓚ সেন্ট হেলেনা দ্বীপে ⓚ ওয়াটার লু নামক স্থানে
ⓖ ভার্সাই নগরিতে ⓖ দ্বীপ এনাবাতে **উত্তর: ক**

১০. **ট্রাফালগার যুদ্ধে কোন দেশ জয় লাভ করে?** [রাবি (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ ফ্রান্স ⓚ স্পেন
ⓖ ইতালি ⓖ ইংল্যান্ড **উত্তর: ঘ**

১১. **Trafalgar Square-এর অবস্থান-** [৪৩তম বিসিএস]
ⓚ রাশিয়ায় ⓚ ইংল্যান্ড
ⓖ ফ্রান্সে ⓖ চীনে **উত্তর: খ**

১২. **'ট্রাফাল্‌গার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?** [১২তম বিসিএস]
ⓚ ওয়াশিংটন ⓚ প্যারিস
ⓖ মস্কো ⓖ লন্ডন **উত্তর: ঘ**

১৩. **পলমল কী?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেট: ০০]
ⓚ একটি বার্তা সংস্থা
ⓚ বিখ্যাত একটি রেল স্টেশন
ⓖ ইংল্যান্ডের একটি স্কুলের নাম
ⓖ লন্ডনের একটি রাজপথের নাম **উত্তর: ঘ**

১৪. **"England expects every man to do his duty" -Who told it.** [যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক: ৯৪]
ⓐ Nelson ⓑ Churchill
ⓒ Wilson ⓓ Thatcher **Ans. a**

১৫. **বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' কোন দেশে অবস্থিত?** [পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন এর মাঠ কর্মকর্তা : ২৫]
ⓚ সুইডেন ⓚ বেলজিয়াম
ⓖ ইংল্যান্ড ⓖ ইটালি **উত্তর: খ**

১৬. **কত সালে ওয়াটার লু যুদ্ধ সংঘটিত হয়?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা: ২১]
ⓚ ১৮১৫ সালে ⓚ ১৮২০ সালে
ⓖ ১৯১২ সালে ⓖ ১৯১৪ সালে **উত্তর: ক**

১৭. **ওয়াটার লু'র যুদ্ধে বিজয়ী সেনাপতির নাম কী?** [রাবি (ই ইউনিট): ১৭-১৮]
ⓚ নেপলিয়ান
ⓚ লর্ড নেলসন
ⓖ ডিউক অব ওয়েলিংটন
ⓖ জেনারেল আইসেন হাওয়ার **উত্তর: গ**

১৮. **ওয়াটার লুর যুদ্ধে কে পরাজিত হন?** [বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এর প্রমোশন অফিসার : ২১]
ⓚ রবার্ট ক্লাইভ ⓚ ম্যাকআর্থার
ⓖ ক্লিনটন ⓖ নেপোলিয়ন **উত্তর: ঘ**

১৯. **ফরাসি বিল্পব ও ভিয়েনা কংগ্রেস -** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ১৭৮৯ ও ১৭৯০ সালে
ⓚ ১৭৮৯ ও ১৮১৫ সালে
ⓖ ১৭৭৯ ও ১৮১৫ সালে
ⓖ ১৭৮৯ ও ১৯১১ সালে **উত্তর: খ**

২০. **Which country has not fought in a war since 1815?/ কোন দেশটি ১৮১৫ সাল থেকে অদ্যবধি কোন যুদ্ধ করেনি?** [General Insurance Officer: 06]
ⓐ Japan ⓑ Norway
ⓒ Switzerland ⓓ Sweden
ⓔ Finland **Ans. c**

২১. **আন্তর্জাতিক ক্ষেত্রে সুইজারল্যান্ডের মর্যাদা কী?** [ঢাবি (খ ইউনিট): ৯৯-০০]
ⓚ জোটনিরপেক্ষ ⓚ নিরপেক্ষ
ⓖ নিরপেক্ষতা ⓖ পশ্চিমের মিত্র **উত্তর: গ**

Scanned with CamScanner

# প্রথম বিশ্বযুদ্ধ
# World War I

## প্রথম বিশ্বযুদ্ধের প্রেক্ষাপট

উনবিংশ শতাব্দীতে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত থাকা জার্মান রাজ্যগুলো একত্রীকরণের প্রচেষ্টা শুরু হয়। জার্মান রাজ্যগুলোর মধ্যে সবচেয়ে সমৃদ্ধ ও শক্তিশালী ছিল প্রুশিয়া। প্রুশিয়া জার্মান ঐক্য আন্দোলনে নেতৃস্থানীয় ভূমিকা রাখে। বিসমার্কের রক্ত ও লৌহ (Blood and Iron) নীতির দ্বারা জার্মানিকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্র প্রস্তুত হয়। প্রুশিয়ার সামরিক বাহিনীকে কাজে লাগিয়ে বিসমার্ক জার্মানির ঐক্য সাধন করেন। এর ফলশ্রুতিতে ১৮৭১ খ্রিষ্টাব্দে জার্মান সাম্রাজ্য গঠিত হয়। চ্যান্সেলর পদে অধিষ্ঠিত হন অটোভন বিসমার্ক। জার্মানির সরকার প্রধানকে চ্যান্সেলর (Chancellor) বলে। চ্যান্সেলর প্রধানমন্ত্রীর সমতুল্য পদ। বিসমার্ক আধুনিক ইউরোপীয় কল্যাণ রাষ্ট্রের ভিত্তি রচনা করেন। সামাজিক নিরাপত্তার নিশ্চিতকরণের লক্ষ্যে তিনি অবসরভাতা (pensions), স্বাস্থ্য বীমা চালু করেন। জটিল কূটনৈতিক বিসমার্কের সাথে পররাষ্ট্রনীতি নিয়ে জার্মানির সম্রাট (কাইজার) দ্বিতীয় উইলিয়ামের সঙ্গে তীব্র মতভেদ হওয়ায় ১৮৯০ সালে বিসমার্ক পদত্যাগ করেন। বিসমার্কের বিদায়ের পর দ্বিতীয় উইলিয়াম সামুদ্রিক প্রাধান্য অর্জন করে সাম্রাজ্য বিস্তারের মনোনিবেশ করেন। এতে সাম্রাজ্যবাদী ব্রিটেনের সাথে সংঘাত অনিবার্য হয়ে পড়ে।



আধুনিক জার্মানির প্রতিষ্ঠাতা
*অটো ভন বিসমার্ক*

## MCQ Solution

১. **'Man of blood and iron' কাকে বলা হয়?** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ অটোভন বিসমার্ককে ⓚ মহাত্মা গান্ধীকে
ⓖ হিটলারকে ⓖ লেনিনকে **উত্তর: ক**

(ক) অটোভন বিসমার্ককে (খ) মহাত্মা গান্ধীকে (গ) হিটলারকে (ঘ) লেনিনকে **উত্তর: ক**

২. **বিসমার্ক কে ছিলেন?** [থানা নির্বাচন অফিসার: ০৪]
(ক) ফ্রান্সের প্রেসিডেন্ট
(খ) জার্মানির চ্যান্সেলর
(গ) ইংল্যান্ডের প্রধানমন্ত্রী
(ঘ) অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী **উত্তর: খ**

৩. **বিসমার্ক যে জন্য বিখ্যাত** - [জাবি (সিও ইউনিট): ১৫-১৬]
(ক) ইতালির ঐক্যকরণ (খ) জার্মানির ঐক্যকরণ
(গ) সুয়েজ খাল খনন (ঘ) সংবিধান প্রণয়ন **উত্তর: খ**

৪. **কোন দেশের সরকার প্রধানকে 'চ্যান্সেলর' বলা হয়?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
(ক) ফিনল্যান্ড (খ) জার্মানি
(গ) লুক্সেমবার্গ (ঘ) নরওয়ে **উত্তর: খ**

৫. **In which country the prime minister is addressed as chancellor?** [KU (B Unit): 02-03]
*Or,*
**চ্যান্সেলর কোন দেশের প্রধানমন্ত্রীর সমমর্যাদার পদ?** [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ⓐ UK ⓑ Canada
ⓒ France ⓓ Germany **Ans. d**

৬. **আধুনিক জার্মানির প্রতিষ্ঠাতা কে?** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর অফিস সহায়ক : ২৪]
(ক) হিটলার (খ) নাদির শাহ
(গ) বিসমার্ক (ঘ) টম মুলার **উত্তর: গ**

৭. **পৃথিবীর প্রথম কল্যাণকর রাষ্ট্রের নাম কী?** [BCSIR টেকনিশিয়ান : ২৪]
উত্তর: জার্মানি।

৮. **Which country was the first to introduce old age pensions?** [Wage Earners' Welfare Board Assistant Director : 24]
ⓐ Italy ⓑ Sweden
ⓒ Germany ⓓ Greece **Ans. c**

## প্রথম বিশ্বযুদ্ধ (২৮ জুলাই, ১৯১৪ -১১ নভেম্বর, ১৯১৮)

১৯১৪ সালে বসনিয়ার রাজধানী সারায়েভো শহরে অস্ট্রিয়ার যুবরাজ ফ্রান্সিস ফার্ডিনান্ড এক সার্বীয়বাসীর গুলিতে নিহত হন। অস্ট্রিয়া এই হত্যাকাণ্ডের জন্য সার্বিয়াকে দায়ী করে সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এ যুদ্ধে দুই দেশের বন্ধু রাষ্ট্রগুলো ধীরে ধীরে জড়িয়ে পড়ে। প্রথম বিশ্বযুদ্ধে একপক্ষে ছিল অস্ট্রিয়া-হাঙ্গেরি, জার্মানি, তুরস্কের উসমানীয় সাম্রাজ্য ও বুলগেরিয়া - যাদের বলা হতো কেন্দ্রীয় শক্তি (Central Powers)। আর অপরপক্ষে ছিল সার্বিয়া, রাশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, জাপান, ইতালি, রুমানিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র - যাদের বলা হতো মিত্রশক্তি (Allied Powers)।

৬ এপ্রিল, ১৯১৭ মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। মার্কিনরা সরাসরি যুদ্ধক্ষেত্রে পা রেখে ফলাফল ভিন্নদিকে ঘুরিয়ে দেয়। জার্মানির গড়ে তোলা হিন্দেনবার্গ লাইনকে ছত্রখান করে দেয়। জার্মানি মনে করেছিল

Scanned with CamScanner

তাদের ইউবোট (এক ধরনের ডুবোজাহাজ) মার্কিন বাহিনীর অগ্রযাত্রা রোধ করে দেবে। কিন্তু জার্মান ইউবোটগুলোকে আগেই প্রতিরোধ করেছিল বিশেষ মার্কিন নৌ ব্যবস্থা। জার্মান সম্রাট (কাইজার) দ্বিতীয় উইলিয়াম দেশ থেকে পলায়ন করেন। ১৯১৮ সালের ১১ নভেম্বর জার্মানির আত্মসমর্পণের মধ্য দিয়ে মিত্রবাহিনীর চূড়ান্ত বিজয় সম্পন্ন হয়। ফ্রান্সের কম্পেইনের বনাঞ্চলে একটি রেলওয়ের বগিতে স্বাক্ষরিত হয় জার্মান-মিত্রবাহিনী অস্ত্রবিরতি চুক্তি।



*জার্মান U-boat*

## MCQ Solution

১. **প্রথম বিশ্বযুদ্ধ কবে শুরু হয়েছিল?** [কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার : ২৪]
ⓚ ২৬ জুলাই, ১৯১৪
ⓚ ১০ জুলাই, ১৯১৫
ⓖ ২৮ জুলাই, ১৯১৪
ⓘ কোনটিই নয় **উত্তর: গ**

২. **প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়-** [বিভিন্ন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ⓚ ১৯১৪ সালের ১০ সেপ্টেম্বর
ⓚ ১৯১৭ সালের ১৪ আগস্ট
ⓖ ১৯১৮ সালের ১১ নভেম্বর
ⓘ ১৯২০ সালের ১৯ জুন **উত্তর: গ**

৩. **প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে অস্ট্রিয়ার যুবরাজকে কোন শহরে হত্যা করা হয়েছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ গ্রাজ ⓚ সারায়েভো
ⓖ জাগরেব ⓘ সালজবুরগ **উত্তর: খ**

৪. **প্রথম বিশ্বযুদ্ধের মিত্রশক্তির অন্তর্ভুক্ত ছিল কোন দেশ?** [বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এর ওয়্যারহাউজ : ২৪]
ⓚ সার্বিয়া ⓚ বেলজিয়াম
ⓖ অস্ট্রিয়া ⓘ ফ্রান্স **উত্তর: ঘ**

৫. **প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন?** [BEZA'র কম্পিউটার অপারেটর : ২৪]
ⓚ রুজভেল্ট ⓚ লিংকন
ⓖ উড্রো উইলসন ⓘ আইসেন হাওয়ার **উত্তর: গ**

৬. **U-Boats কোন দেশের নৌবাহিনীর অন্তর্ভুক্ত ছিল?** [ঢাবি (খ ইউনিট): ০৭-০৮]
ⓚ ব্রিটেন ⓚ সোভিয়েত ইউনিয়ন
ⓖ মার্কিন যুক্তরাষ্ট্র ⓘ জার্মানি **উত্তর: ঘ**

৭. **'কাইজার' কোন দেশের প্রাচীন রাজাদের বলা হয়?** [নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার : ২৪]
ⓚ জাপান ⓚ চীন
ⓖ জার্মানি ⓘ ইরাক **উত্তর: গ**

## ভার্সাই চুক্তি (Treaty of Versailles)

প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি ঘটে ভার্সাই চুক্তি স্বাক্ষরের মাধ্যমে। ফ্রান্সের ভার্সাই নগরীতে ২৮ জুন, ১৯১৯ জার্মানি ও মিত্রশক্তির মধ্যে চুক্তিটি স্বাক্ষরিত হয়। চুক্তিতে জার্মানিকে যুদ্ধের জন্য দায়ী করে বিভিন্ন কঠোর শর্ত আরোপ করা হয়, যার মধ্যে ছিল অর্থনৈতিক ক্ষতিপূরণ, সামরিক সীমাবদ্ধতা এবং ভূখণ্ডের পুনর্বণ্টন।

## জাতিপুঞ্জ (League of Nations)

১৯১৮ সালে মার্কিন রাষ্ট্রপতি উড্রো উইলসন ন্যায় ও নিরপেক্ষতার ভিত্তিতে দীর্ঘকাল স্থায়ী শান্তি স্থাপনের লক্ষ্যে ১৪ দফা নীতি ঘোষণা করেন। এই চতুর্দশ নীতির ১৪ নং ধারায় বিশ্বশান্তি রক্ষার জন্য তিনি একটি আন্তর্জাতিক সংগঠন গড়ে তোলার প্রস্তাব করেন। তাঁর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ভার্সাই চুক্তিতে 'জাতিপুঞ্জের গঠনতন্ত্র' গৃহীত হয়। ১০ জানুয়ারি, ১৯২০ ভার্সাই চুক্তি কার্যকর হলে ৪২টি দেশ নিয়ে যাত্রা শুরু হয় জাতিপুঞ্জের। সুইজারল্যান্ডের জেনেভায় সদর দপ্তর স্থাপিত হয়। জাতিপুঞ্জের সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গসংস্থা ছিল কাউন্সিল। কাউন্সিলের স্থায়ী সদস্য ছিল ৪। যথা- যুক্তরাজ্য, ফ্রান্স, ইতালি এবং জাপান। ১৯২৬ সালে জার্মানি এবং ১৯৩৪ সালে সোভিয়েত ইউনিয়ন কাউন্সিলের স্থায়ী সদস্যপদ লাভ করে। লীগ অব নেশনস এর গঠনতন্ত্র মোতাবেক ১৯১৯ সালে আন্তর্জাতিক শ্রম সংস্থা (International Labour Organization - ILO) এবং ১৯২০ সালে স্থায়ী আন্তর্জাতিক বিচারালয় (Permanent Court of International Justice : PCIJ) গঠিত হয়। মার্কিন সিনেট ভার্সাই চুক্তি অনুমোদন না করায় যুক্তরাষ্ট্র জাতিপুঞ্জে যোগ দিতে পারে নি। সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৯২৭ সালে ILO এর উদ্যোগে প্রতিষ্ঠিত হয় International Social Security Association (ISSA)।

## MCQ Solution

১. **প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?** [গুবি (সি-ইউনিট): ২৪-২৫/ বাংলাদেশ গ্যাস ফিল্ড সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): ২১]
ⓚ সেভার্স চুক্তি ⓚ লুজেন চুক্তি
ⓖ ভার্সাই চুক্তি ⓘ প্যারিস চুক্তি **উত্তর: গ**

২. **ভার্সাই নগরী কোথায় অবস্থিত?** [BREB'র সহকারী প্রকৌশলী: ২৩]
ⓚ জার্মানি ⓚ ফ্রান্স
ⓖ সুইডেন ⓘ ইতালি **উত্তর: খ**

৩. **ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?** [জবি (খ ইউনিট): ০৯-১০]
ⓚ ১৯২৮ ⓚ ১৯৪৫
ⓖ ১৯৬২ ⓘ ১৯১৯ **উত্তর: ঘ**

৪. **মিত্র শক্তি ভার্সাই সন্ধি করে –** [জবি (সি ইউনিট): ১৯-২০]
ⓚ অস্ট্রিয়ার সঙ্গে ⓚ বুলগেরিয়ার সঙ্গে
ⓖ তুরস্কের সঙ্গে ⓘ কোনটিই নয় **উত্তর: ঘ**

Scanned with CamScanner

৫. 'লীগ অব নেশনস' স্থাপনে কে অগ্রণী ভূমিকা পালন করেন? [সাব-রেজিস্ট্রার: ০১]
ⓚ প্রেসিডেন্ট উইলসন
ⓚ প্রেসিডেন্ট রুজভেল্ট
ⓖ জেনারেল স্মাটস
ⓖ উইন্সটন চার্চিল
উত্তর: ক

৬. মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন বিখ্যাত হয়েছিলেন কেন? [চবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓚ ১৪ দফা ঘোষণা ⓚ স্ট্যাচু অব লিবার্টি বক্তৃতা
ⓖ অ- হস্তক্ষেপ তত্ত্ব ⓖ কোনোটি নয় উত্তর: ক

৭. প্রেসিডেন্ট-উড্রো উইলসনের ১৪ points এ কত নম্বর point এ জাতিপুঞ্জের সৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে? [৩৬তম বিসিএস]
ⓚ ৯ ⓚ ১২
ⓖ ১৩ ⓖ ১৪ উত্তর: ঘ

৮. 'লীগ অব নেশনস'-এর জন্ম- [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ⓚ ১৯২০ সালে ⓚ ১৯২১ সালে
ⓖ ১৯২২ সালে ⓖ ১৯২৪ সালে উত্তর: ক

৯. জাতিপুঞ্জ (League of Nations) গঠনের সময় সদস্য দেশের সংখ্যা ছিল? [থানা শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ ৩৮ ⓚ ৪০
ⓖ ৪২ ⓖ ৪৪ উত্তর: গ

১০. কোন দেশটি 'লীগ অব নেশনস'-এর স্থায়ী সদস্য ছিল না? [সড়ক অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী (সিভিল): ০৩]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ ফ্রান্স ⓖ চীন উত্তর: ক, ঘ

১১. International Labour Organization was established in- [Pubali Bank Ltd.Senior Officer: 10]
*Or,*
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) কোন সালে গঠিত হয়? [BEZA'র কম্পিউটার অপারেটর : ২৪]
ⓚ ১৯১৯ সালে ⓚ ১৯২০ সালে
ⓖ ১৯২১ সালে ⓖ ১৯২২ সালে উত্তর: ক

১২. When was the International Social Security Association (ISSA) formed? [Janata Bank Ltd. Asst. Executive Officer: 19]
ⓐ 1915 ⓑ 1946
ⓒ 1935 ⓓ 1927 Ans. d

১৩. Permanent court of International Justice was established under - [JU (F Unit): 16-17]
ⓐ UNO
ⓑ League of Nations
ⓒ European Union
ⓓ None
Ans. b

## রুশ বিপ্লব (Russian Revolution) , ১৯১৭

***ফেব্রুয়ারি বিপ্লব:*** ১৯১৭ সালের ফেব্রুয়ারি মাসে (গ্রেগরিয়ান বর্ষপুঞ্জী অনুযায়ী মার্চ মাস) পেট্রোগ্রাডে শ্রমিক ধর্মঘট শুরু হয়। জার দ্বিতীয় নিকোলাস বিদ্রোহ দমনে ব্যর্থ হয়ে পদত্যাগ করলে রাশিয়ায় জার শাসনের অবসান হয়। ডুমা বা জাতীয় পরিষদ একটি অস্থায়ী সরকার গঠন করে। ওই সরকার ছিল মূলত বুর্জোয়া বা মধ্যবিত্ত শ্রেণি দ্বারা গঠিত।

***বলশেভিক বিপ্লব:*** 'অস্থায়ী রাশিয়ান সরকার' জনগণের দাবি পূরণে ব্যর্থ হলে দেশে তীব্র অসন্তোষ দেখা দেয়। ১৯১৭ সালে অক্টোবর বিপ্লবের (গ্রেগরিয়ান বর্ষপুঞ্জী অনুসারে নভেম্বর) মধ্য দিয়ে ভ্লাদিমির ইলিচ লেনিনের নেতৃত্বাধীন বলশেভিক (কমিউনিস্ট) পার্টি ও শ্রমিকেরা পেট্রোগ্রাদের অন্তবর্তীকালীন সরকারকে উৎখাত করে রাশিয়ায় একটি সমাজতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করে। সাড়া জাগানো এ বিপ্লবের স্থায়িত্ব ছিল মাত্র ১০ দিন।

***ফলাফল:*** (১) রাশিয়ার রোমানভ বংশীয় জার শাসনের অবসান ঘটে। (২) রুশ উপনিবেশ 'ফিনল্যান্ড' স্বাধীনতা লাভ করে। রুশ-ফিনল্যান্ড সীমান্তে ফিনল্যান্ড কর্তৃক স্থাপিত হয় প্রতিরক্ষা ব্যবস্থা 'ম্যানারহেইম লাইন'। (৩) ১৯১৮ সালে রাশিয়ার রাজধানী পেট্রোগ্রাড হতে মস্কোয় স্থানান্তর করা হয়।

## MCQ Solution

১. রাশিয়ায় জারতন্ত্রের অবসান ঘটে কবে? [জবি (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ⓚ ১৯১৫ খ্রিষ্টাব্দে ⓚ ১৯১৭ খ্রিষ্টাব্দে
ⓖ ১৯২০ খ্রিষ্টাব্দে ⓖ ১৯২৭ খ্রিষ্টাব্দে উত্তর: খ

২. রুশ (বলশেভিক) বিপ্লব কোন সালে সংঘটিত হয়? [NIPORT এর ক্যাশিয়ার: ২৩]
ⓚ ১৯১৫ ⓚ ১৯১৭
ⓖ ১৯১৮ ⓖ ১৯২৫ উত্তর: খ

৩. অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লব কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? [চবি (বি ইউনিট): ১৭-১৮]
ⓚ ১৯১৭ খ্রি. ⓚ ১৮৫৭ খ্রি.
ⓖ ১৮৪৯ খ্রি. ⓖ ১৭৫৭ খ্রি. উত্তর: ক

৪. রুশ বিপ্লবে নেতৃত্বদানকারী দল- [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অফিস সহকারী: ২১]
ⓚ নাৎসী পার্টি ⓚ বলশেভিক পার্টি
ⓖ মিনশেভিক পার্টি ⓖ কমিউনিষ্ট পার্টি উত্তর: খ

৫. 'অক্টোবর বিপ্লব' কোন দেশে সংঘটিত হয়েছিল? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ⓚ জার্মানি ⓚ ফ্রান্স
ⓖ রাশিয়া ⓖ যুক্তরাষ্ট্র উত্তর: গ

৬. অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দিয়েছেন - [৩৮তম বিসিএস]
ⓚ কার্ল মার্কস ⓚ ফ্রেডরিক এঙ্গেলস
ⓖ ভি. আই. লেনিন ⓖ মাও সে তুং উত্তর: গ

Scanned with CamScanner

৭. ফিনল্যান্ড কোন দেশের উপনিবেশ ছিল? [৩১তম বিসিএস]
ⓚ রাশিয়া ⓛ ডেনমার্ক
ⓜ সুইডেন ⓝ ইংল্যান্ড উত্তর: ক

৮. ম্যানারহেইম লাইন কোন দুইটি দেশকে বিভক্ত করেছে? [১৫শ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস : ২২]
ⓚ রাশিয়া ও ইউক্রেন
ⓛ ফিলিস্তিন ও ইসরায়েল
ⓜ ফিনল্যান্ড ও রাশিয়া
ⓝ জার্মানি ও পোল্যান্ড উত্তর: গ

৯. ১৯১৮ সালের পূর্বে রাশিয়ার রাজধানী কোথায় ছিল? [খনা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ সুরগুড ⓛ কোটলাস
ⓜ পেট্রোগ্রাড ⓝ ভলগাদা উত্তর: গ

### ৪ মে আন্দোলন (১৯১৯)

প্রথম বিশ্বযুদ্ধে চীন মিত্রশক্তিকে সমর্থন দেয়। কিন্তু যুদ্ধ শেষে সম্পাদিত ভার্সাই চুক্তিতে চীনের শ্যানডং অঞ্চলে জাপানের অধিকার প্রতিষ্ঠিত হয়। চীনা সরকারের দুর্বল প্রতিক্রিয়ার পরিপ্রেক্ষিতে ১৯১৯ সালের ৪ মে বেইজিংয়ে ছাত্ররা একটি সাম্রাজ্যবিরোধী, সাংস্কৃতিক ও রাজনৈতিক আন্দোলন শুরু করে। এই আন্দোলনের ফলে ১৯২১ সালের ১ জুলাই চীনা কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়।

### উসমানিয়া সাম্রাজ্যের বিলুপ্তি

### Dissolution of the Ottoman Empire

প্রথম বিশ্বযুদ্ধের পর তুরস্কে স্বাধীনতা সংগ্রাম শুরু হয়। ১৯২২ সালের ১ নভেম্বর অটোমান সালতানাত বিলুপ্ত করা হয় এবং শেষ সুলতান ষষ্ঠ মুহাম্মদ দেশ ছেড়ে চলে যান। সালতানাত বিলুপ্ত করা হলেও এ সময় খিলাফত বিলুপ্ত করা হয় নি। ষষ্ঠ মুহাম্মদের স্থলে দ্বিতীয় আবদুল মজিদ খলিফার পদে বসেন। কামাল আতাতুর্ক ১৯২৪ সালের ৩ মার্চ খিলাফত বিলুপ্ত করলে শেষ খলিফা দ্বিতীয় আবদুল মজিদ দেশত্যাগ করে। তুরস্কের স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দেন মোস্তফা কামাল পাশা। তাঁকে আধুনিক তুরস্কের জনক বলা হয়। তিনি 'কামাল আতাতুর্ক' নামে সমধিক পরিচিত।



### প্যারিস প্যাক্ট (Pact of Paris)

২৭ আগস্ট, ১৯২৮ চুক্তিটি স্বাক্ষরিত হয়। জার্মানি, ফ্রান্স, যুক্তরাষ্ট্রসহ সমসাময়িক বিশ্বের প্রধান পরাশক্তিসমূহ এই চুক্তির স্বাক্ষর করে। চুক্তিতে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধ করা হয়। এটি ছিল প্রথম বিশ্বযুদ্ধের পর শান্তির জন্য গৃহীত সবচেয়ে বড় পদক্ষেপ।

## MCQ Solution

১. চীনে '৪ মে আন্দোলন' সংঘটিত হয় - [রাবি (ক-১) ইউনিট: ১৮-১৯]
ⓚ ১৯১৭ সালে ⓛ ১৯১৮ সালে
ⓜ ১৯১৯ সালে ⓝ ১৮০৪ সালে উত্তর: গ

২. অটোম্যান সাম্রাজ্যের পতন ঘটে কোন সালে? [রেজিস্ট্রি সিকিউরিটি অফিসার: ২১]
ⓚ ১৯২১ ⓛ ১৯২২
ⓜ ১৯২৩ ⓝ ১৯২৪ উত্তর: খ

৩. কোন সালে তুরস্কে খেলাফতের অবসান হয়? [চবি (খ ইউনিট): ০১-০২]
ⓚ ১৯১০ ⓛ ১৯১৪
ⓜ ১৯২০ ⓝ ১৯২২ উত্তর:
ব্যাখ্যা: তুরস্কে অটোমান সালতানাতের পতন হয় ১৯২২ এবং ১৯২৪ সালে খিলাফতের বিলুপ্তি ঘোষণা করা হয়।

৪. খিলাফতের বিলুপ্তি ঘোষণা করা হয় - [রাবি (A3 ইউনিট): ১২-১৩]
ⓚ তুরস্কে ⓛ স্পেনে
ⓜ সৌদি আরবে ⓝ ইরানে উত্তর: ক

৫. কামাল আতাতুর্ক কোন দেশের নেতা ছিলেন- [জবি (খ ইউনিট): ০৬-০৭]
ⓚ মিশর ⓛ তুরস্ক
ⓜ ইরাক ⓝ ইরান উত্তর: খ

৬. আধুনিক তুরস্কের জনক- [আবহাওয়া অধিদপ্তরে সহকারী আবহাওয়াবিদ: ১৫]
ⓚ আনোয়ার পাশা ⓛ জেনারেল তুরগত ওজাল
ⓜ হারুন-অর-রশীদ ⓝ কামাল পাশা উত্তর: ঘ

৭. আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয় - [২৬তম বিসিএস]
ⓚ ১২ আগস্ট, ১৯২৭
ⓛ ২৭ আগস্ট, ১৯২৮
ⓜ ৩ নভেম্বর, ১৯২৮
ⓝ ৫ জানুয়ারি, ১৯২৯ উত্তর: খ

Scanned with CamScanner

১২. **The World War II took place as a result of -** [JU (F Unit): 20-21]
ⓐ An unjust Treaty of Versailles
ⓑ The rise of the Nazi Party in Germany
ⓒ Japan's policy of expansion and imperialism of England or France
ⓓ All of the above **Ans. d**

১৩. **The Spanish Civil War began in the year-** [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ 1914 ⓑ 1920
ⓒ 1936 ⓓ 1945 **Ans. c**

## দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১ সেপ্টেম্বর, ১৯৩৯ - ২ সেপ্টেম্বর, ১৯৪৫)

১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর জার্মানির পোল্যান্ড আক্রমণের মধ্য দিয়ে শুরু হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধ। জার্মানরা বিদ্যুৎগতির ব্লিৎসক্রিগ (Blitzkrieg) অপারেশন চালিয়ে পোল্যান্ড, নরওয়ে ও ডেনমার্ক দখল করে নেয়। অক্ষশক্তি জার্মানির পক্ষে এবার যোগ দেয় ইতালি, জাপান, হাঙ্গেরি, রুমানিয়া আর বুলগেরিয়া। আর মিত্রশক্তির পুরোভাগে ছিল রাশিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, চীন, কানাডা, অস্ট্রেলিয়া ও ব্রাজিল।

**ব্রিটেন যুদ্ধ (১৯৪০ খ্রি.):** ইউরোপে হিটলারের অপ্রতিহত অগ্রগতিতে ব্রিটিশ প্রধানমন্ত্রী চেম্বারলেইনের বিরুদ্ধে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় তিনি পদত্যাগ করেন। উইনস্টন চার্চিল ব্রিটেনের নতুন প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন। চার্চিল ক্ষমতা গ্রহণের পর ব্রিটিশ পার্লামেন্টে বলেন, "We shall fight on the beaches ....."। জার্মান আক্রমণের পরবর্তী লক্ষ্য ছিল ব্রিটেন। বার বার ব্রিটেন আক্রমণের চেষ্টা করেও ব্যর্থ হন হিটলার।

**আল আমিন যুদ্ধ:** হিটলার ইংরেজদের আফ্রিকায় জব্দ করার ব্যবস্থা করেন। ১৯৪০ সালে ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত মিশর আক্রমণ করে। দুর্ধর্ষ জার্মান সেনানায়ক মরু শেয়াল (The Desert Fox) খ্যাত ফিল্ড মার্শাল রোমেলের সামনে একের পর এক নাকানিচুবানি খেতে থাকে ব্রিটিশরা। এ সময় ব্রিটিশদের নেতৃত্বে আসেন কুশলী সমরনায়ক মন্টেগোমারি। যুদ্ধের মোড় ঘুরে যায়। এবার দুর্দিন দেখতে শুরু করে জার্মানরা। যুদ্ধের ফল বিপক্ষে যায় অক্ষশক্তির।

**ফ্রান্স দখলের ৪৪ দিন:** ফরাসিরা ফ্রান্স-জার্মান সীমান্তে তখনকার দিনে সবচেয়ে শক্তিশালী প্রতিরক্ষা ব্যবস্থা হিসেবে গড়ে তুলেছিল ম্যাজিনো লাইন। জার্মানির দুর্জয় পাঞ্জার ডিভিশন সুকৌশলে এই ম্যাজিনো লাইন অতিক্রম করে সরাসরি ফ্রান্সের রাজধানী প্যারিসে গিয়ে উপস্থিত হলে মাত্র চুয়াল্লিশ দিনের মাথায় পতন ঘটে ফ্রান্সের। এ সময় ফরাসিদের ত্রাণকর্তার ভূমিকায় আবির্ভূত হন শার্লে দ্য গল। তিনি গড়ে তোলেন ফ্রান্সের মুক্তি বাহিনী।




**জাপানের পার্ল হারবার আক্রমণ:** জাপানের মহাদেশীয় নীতি (Japan's Continental Policy) এর প্রধান লক্ষ্য ছিল প্রতিবেশী দেশ কোরিয়া এবং চীনকে জয় করে পূর্ব এশিয়ায় অধিপত্য বিস্তার করা। দূরপ্রাচ্যের আধিপত্য নিয়ে জাপান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে প্রতিযোগিতা ছিল। জাপান ৭ ডিসেম্বর, ১৯৪১ হাওয়াই দ্বীপের হনুলুলুতে অবস্থিত মার্কিন নৌঘাঁটি পার্ল হারবার আক্রমণ করলে যুক্তরাষ্ট্র মিত্রপক্ষের হয়ে যুদ্ধে যোগ দেয়। পার্ল হারবারে হামলার পরিকল্পনা করেন জাপানের অ্যাডমিরাল (পরবর্তীতে জাপানের সম্মিলিত বাহিনীর সর্বাধিনায়ক) ইসোরোকু ইয়ামামোতো। হামলার পর মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্টের নির্দেশে যুক্তরাষ্ট্রে বসবাসরত লক্ষাধিক জাপানিজ-আমেরিকানকে বিভিন্ন বন্দীশিবিরে অন্তরীণ করে রাখা হয়।

**নরম্যান্ডির ডি ডে ল্যান্ডিং:** ১৯৪৪ সালের ৬ জুন ইউরোপের মূল ভূখণ্ড জার্মান দখলমুক্ত করার জন্য মিত্রবাহিনীর বিপুল সংখ্যক সেনা ফ্রান্সের নরম্যান্ডিতে অবতরণ করে। এই দিনটি D- Day হিসাবে পালিত হয়। এই সুবিশাল সামরিক অভিযানের নেতা ছিলেন মিত্র শক্তির অধিনায়ক মার্কিন সেনাপতি হোয়াইট ডি আইজেনহাওয়ার, যিনি পরবর্তীতে (হ্যারি এস ট্রুম্যানের পরবর্তী প্রেসিডেন্ট অর্থাৎ ৩৪তম) মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

**জার্মানির আত্মসমর্পণ:** ফরাসি ম্যাজিনো লাইনের বিপরীতে জার্মানরা ফ্রান্স-জার্মান সীমান্তে নির্মাণ করেছিল দুর্ভেদ্য 'সিগফ্রিড লাইন' (Seigfried Line)। মিত্রবাহিনীর আক্রমণে 'সিগফ্রিড লাইন' তছনছ হয়ে যায়। বার্লিনের পতন ঘটে। যুদ্ধ ক্ষেত্র থেকে পালিয়ে যাওয়ার মত কাপুরুষ অ্যাডলফ হিটলার ছিলেন না; তার কাছে "যুদ্ধই জীবন, যুদ্ধই সর্বজনীন"। ৩০ এপ্রিল, ১৯৪৫ বার্লিনের ফুয়েরার বাঙ্কারে সস্ত্রীক আত্মহত্যা করেন। ৮ মে, ১৯৪৫ জার্মান বাহিনী মিত্রবাহিনীর কাছে নিঃশর্ত আত্মসমর্পণ করে। এই দিনটি VE Day (Victory in Europe Day) হিসাবে উদযাপিত হয়।

Scanned with CamScanner

**হিরোশিমা ও নাগাসাকির ট্র্যাজেডি:** জার্মানি যুদ্ধে আত্মসমর্পণ করলেও জাপানের সম্রাট হিরোহিতোর বাহিনী ছিল নাছোড়বান্দা। তারা সমান তালে লড়ে যাচ্ছিল মিত্রবাহিনীর বিরুদ্ধে। এ সময় পৃথিবীর ইতিহাসে সবচেয়ে ন্যক্কারজনক ঘটনার নজির স্থাপন করে যুক্তরাষ্ট্র। ১৯৪৫ সালের ৬ ও ৯ আগস্ট যথাক্রমে জাপানের হিরোশিমা ও নাগাসাকিতে নিক্ষেপ করে লিটল বয় ও ফ্যাট ম্যান নামের দুটি ধ্বংসাত্মক আণবিক বোমা। এনোলা গে নামের বিমান থেকে ক্যাপ্টেন কেরিবি যখন হিরোশিমায় প্রথম আণবিক বোমাটি নিক্ষেপ করে তখন এর ধ্বংসযজ্ঞ দেখে থমকে যায় বিশ্ব মানবতা। স্বয়ং মার্কিন প্রেসিডেন্ট হ্যারি এস ট্রুম্যান আণবিক বোমা নিক্ষেপের এ পাশবিক সিদ্ধান্ত দিয়েছিলেন। ৯ আগস্ট সোভিয়েত সরকারও জাপানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। দুটি আঘাত সইতে না পেরেই ১৯৪৫ সালের ১৫ আগস্ট জাপান নিঃশর্ত আত্মসমর্পণের ঘোষণা দেয়। ২ সেপ্টেম্বর, ১৯৪৫ জাপান আনুষ্ঠানিকভাবে আত্মসমর্পণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হবার পর সোভিয়েত আর্মি (রেড আর্মি) জাপানের কাছ থেকে কুরিল দ্বীপপুঞ্জ দখল করে নেয়। সেই থেকে এই দ্বীপপুঞ্জ দু দেশের মধ্যে বিরোধের একটা কেন্দ্রবিন্দু হয়েছে।


জাপানের সম্রাট হিরোহিতো

কুরিল দ্বীপপুঞ্জ




## MCQ Solution

১. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়- [প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী : ১৯]
ⓚ ১ সেপ্টেম্বর, ১৯৩৯
ⓚ ১ নভেম্বর, ১৯৪০
ⓖ ১ ডিসেম্বর, ১৯৩৭
ⓖ ১ অক্টোবর, ১৯৩৫ উত্তর: ক

২. World War II in Europe was outbreak by the German invasion of- [SIBL Probationary Officer: 14]
ⓐ Russia ⓑ Poland
ⓒ Croatia ⓓ France Ans. b

৩. হিটলার কর্তৃক কোন দেশ আক্রমণ দ্বিতীয় মহাযুদ্ধের প্রত্যক্ষ কারণ? [নিরীক্ষক এর কার্যালয়ের অডিট অফিসার: ১৪]
ⓚ অস্ট্রিয়া ⓚ চেকোস্লোভাকিয়া
ⓖ রাশিয়া ⓖ পোল্যান্ড উত্তর: ঘ

৪. হিটলারের সেনাবাহিনী কোন রণনীতির কারণে চমকপ্রদ বিজয় লাভ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম নয় মাসে নিজেদের অবস্থান দৃঢ় করে? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর অঞ্চলের সহকারী: ১০]
ⓚ ব্লিৎজক্রিগ রণনীতি
ⓚ নৌ অবরোধ রণনীতি
ⓖ শত্রুকে ঠেকিয়ে রাখার রণনীতি
ⓖ ম্যাজিনো লাইন দুর্ভেদ্যতা নীতি উত্তর: ক

৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় 'জাপান-জার্মানি-ইতালি' এই তিন শক্তিকে একত্রে বলা হত - [রাবি (অর্থনৈতিক বিভাগ): ১৮-১৯]
ⓚ মিত্র শক্তি ⓚ অক্ষশক্তি
ⓖ যুগ্ম শক্তি ⓖ অশুভ শক্তি উত্তর: খ

৬. দ্বিতীয় মহাযুদ্ধের শুরুতে কে ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন? [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের মেডিক্যাল অফিসার: ২১]
ⓚ এটলি ⓚ চার্চিল
ⓖ গ্লাডস্টোন ⓖ চেম্বারলেন উত্তর: ঘ

৭. দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে ব্রিটেনের প্রধানমন্ত্রী কে ছিলেন? [বিসিক এর উপসহকারী প্রকৌশলী (পুর): ২৩]
ⓚ চেম্বারলেন ⓚ রুজভেল্ট
ⓖ চার্চিল ⓖ স্ট্যালিন উত্তর: গ

৮. We shall fight on the beaches – উক্তিটি কার? [জাতীয় বিশ্ববিদ্যালয়ের লেকচারার: ১২]
ⓐ আব্রাহাম লিংকন ⓑ শেখ মুজিবুর রহমান
ⓒ উইনস্টন চার্চিল ⓓ মাও সেতুং Ans. c

৯. কে 'ডেজার্ট ফক্স' নামে পরিচিত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (মেঘনা): ১৪]
ⓚ আনোয়ার সাদাত ⓚ ফিল্ড মার্শাল রোমেল
ⓖ মার্শাল টিটো ⓖ কামাল আতাতুর্ক উত্তর: খ

১০. কোন সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা আক্রমণ করে? [মেডিকেল : ০৯-১০]
ⓚ ১৯৪২ ⓚ ১৯৪৩
ⓖ ১৯৪১ ⓖ ১৯৪০ উত্তর: ঘ

১১. জার্মান আক্রমণ হতে রক্ষা পাওয়ার জন্য ফ্রান্স কর্তৃক জার্মান-ফ্রান্স সীমান্তে নির্মিত সুরক্ষিত সীমারেখা কোনটি? [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০২]
ⓚ ডুরান্ড লাইন ⓚ ম্যাজিনো লাইন
ⓖ হিন্ডারবার্গ লাইন ⓖ ম্যাকমোহন লাইন উত্তর: খ

১২. ফ্রান্সের স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দেন? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]
ⓚ চার্লস ডি গ্যালে ⓚ নেলসন ম্যান্ডেলা
ⓖ জুমো কেনিয়াটা ⓖ কিনেথ কাউন্ডা উত্তর: ক

Scanned with CamScanner

১৩. জাপান পার্ল হারবার আক্রমণ করে- [১২তম বিসিএস]
ⓚ ৭ ডিসেম্বর, ১৯৪০
ⓚ ৭ ডিসেম্বর, ১৯৪১
ⓖ ৭ ডিসেম্বর, ১৯৪২
ⓖ ৭ ডিসেম্বর, ১৯৪৩ উত্তর: খ

১৪. পার্ল হারবার যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যে অবস্থিত? [বন অধিদপ্তরের অফিস সহকারী : ২৩]
উত্তর: হাওয়াই।

১৫. পার্ল হারবার কোথায় অবস্থিত? [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ⓚ ভূমধ্যসাগরের তীরে ⓚ আটলান্টিক মহাসাগরে
ⓖ আরব সাগরে ⓖ হাওয়াই দ্বীপে উত্তর: ঘ

১৬. পার্ল হারবার কোথায় অবস্থিত? [চবি (বি-২ ইউনিট): ২১-২২]
ⓚ হনুলুলু ⓚ লস এঞ্জেলসে
ⓖ টোকিও ⓖ ওয়াশিংটন ডিসি উত্তর: ক

১৭. দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল কোন দেশ? [প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক: ১৫]
ⓚ জার্মানি ⓚ জাপান
ⓖ রাশিয়া ⓖ ইতালি উত্তর: খ

১৮. দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমেরিকার অংশগ্রহণের প্রত্যক্ষ কারণ কি? [শ্রম অধিদপ্তরে অফিসার: ৯৪]
ⓚ হিটলারের রাশিয়া আক্রমণ
ⓚ জার্মানি কর্তৃক ফ্রান্স অধিকার
ⓖ জার্মানির ইংল্যান্ড আক্রমণ
ⓖ পার্ল হারবারে বোমা বর্ষণ উত্তর: ঘ

১৯. **Who was the Japanese Commander in Chief during the WWII?** [JU (C1 Unit):15-16]
ⓐ Isoroku Yamamoto
ⓑ Isoroku Myamoto
ⓒ Isoroku Hirohito
ⓓ Isoroku Matsubito Ans. a

২০. **During the World War ll, which ethnic group was under severe oppression in the USA?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓐ Latino
ⓑ Indian American
ⓒ Chinese American
ⓓ Japanese American Ans. d

২১. **The historical 'D-day' is related with-** [NIPORT Office Assistant: 23]
ⓐ Iraq War
ⓑ Gulf War
ⓒ First world War
ⓓ Second world War Ans. d

২২. D. Day হিসেবে উদযাপন হয় কোন দিনটি? [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ⓚ ৮ মে ⓚ ৬ জুন
ⓖ ১৪ আগস্ট ⓖ ৭ ডিসেম্বর উত্তর: খ

২৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্র শক্তির অধিনায়ক কে ছিলেন? [জবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ লর্ড চার্চিল
ⓚ জেনারেল আইসেনহাওয়ার
ⓖ জেনারেল ম্যাক আর্থার
ⓖ জর্জ ওয়াশিংটন উত্তর: খ

২৪. হ্যারি এস ট্রুম্যানের পর মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হন কোন ব্যক্তি? [সাধারণ বীমা কর্পোরেশন এর জুনিয়র অফিসার : ২৪]
ⓚ রিচার্ড নিক্সন ⓚ রোনাল্ড রিগ্যান
ⓖ আইজেনহাওয়ার ⓖ জন এফ কেনেডি উত্তর: গ

২৫. জার্মান - ফ্রান্স সীমান্তে নির্মিত সীমানারেখার নাম কি? [স্থাপত্য অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]
ⓚ ওডের-নিস লাইন ⓚ সিগফ্রিড লাইন
ⓚ The International Court of Justice
ⓚ The International Criminal Court
ⓖ The Permanent Court of International Justice
ⓖ The Permanent Court of Arbitation **উত্তর: খ**

৪. **আন্তর্জাতিক অপরাধ বিষয়ক আদালত (International Criminal Court) চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়েছিল?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
(ক) রোমে (খ) নিউইয়র্কে
(গ) লন্ডনে (ঘ) ওয়াশিংটনে **উত্তর: ক**

৫. **আন্তর্জাতিক অপরাধ বিষয়ক আদালত সংক্রান্ত চুক্তি (International Criminal Court Treaty) কত সালে স্বাক্ষরিত হয়েছিল?** [পি.এস.সি'র সহকারী পরিচালক : ০৬]
(ক) ১৯৯৭ (খ) ১৯৯৮
(গ) ১৯৯৯ (ঘ) ২০০১ **উত্তর: খ**

৬. **আন্তর্জাতিক অপরাধ বিষয়ক আদালত কত সালে প্রতিষ্ঠিত হয়?** [রাষ্ট্রপতির কার্যালয়ে সহকারী প্রটোকল অফিসার: ২৪]
ⓚ ১৯৯৮ (খ) ২০০৩
(গ) ২০০৯ (ঘ) ২০১৩ **উত্তর: ক**

৭. **কোন সনদের ভিত্তিতে আন্তর্জাতিক ফৌজদারী আদালত প্রতিষ্ঠিত হয়েছিল?** [ঢাবি (ঘ ইউনিট): ১৮-১৯]
ⓚ ১৯৯৮ সালের রোম সনদ
ⓚ ২০০৩ সালের আন্তর্জাতিক ফৌজদারি আদালত
ⓖ ২০০৪ সালের ভিয়েনা সনদ
ⓖ ২০০০ সালের প্যারিস সনদ **উত্তর: ক**

৮. **ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্ট (আইসিসি) কোন ধরনের অপরাধের বিচার করে না?** [ঢাবি (ঘ ইউনিট; বাতিলকৃত): ১৮-১৯]
ⓚ মানবতার বিরুদ্ধে ⓚ মানব পাচার
ⓖ যুদ্ধাপরাধ ⓖ গণহত্যা **উত্তর: খ**

৯. **Where is Darfur?** [Trust Bank Ltd. Asst. Officer: 11]
ⓐ Sudan ⓑ Congo
ⓒ Nigeria ⓓ Zimbabwe **Ans. a**

১০. **'দারফুর' হলো -** [জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর হিসাব সহকারী: ২২]
ⓚ ইরাকের একটি শহরের নাম
ⓚ ইরানের একটি শহরের নাম
ⓖ সুদানের একটি অঞ্চলের নাম
ⓖ আফগানিস্তানের একটি অঞ্চলের নাম **উত্তর: গ**

১১. **দারফুর সংকটের সঙ্গে জড়িত-** [ঢাবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ পরিবেশ দূষণ ⓚ জাতিগোষ্ঠী নির্মূলকরণ
ⓖ ভৌগোলিক সীমানা ⓖ বাজারে প্রবেশ **উত্তর: খ**

১২. **২০তম অক্ষরেখা কোন দুটি দেশের সীমান্ত চিহ্নিত করেছে?** [বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) বৈজ্ঞানিক কর্মকর্তা: ২৪]
**উত্তর:** লিবিয়া ও সুদান।

Scanned with CamScanner

# স্নায়ুযুদ্ধ

Cold War




## স্নায়ুযুদ্ধ (১৯৪৭ - ১৯৯১ খ্রি.)

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে জন্ম নেয় দুই পরাশক্তি; মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়ন। উভয় দেশ তাদের স্বীয় প্রভাব বলয় বাড়ানোর প্রতিযোগিতায় লিপ্ত হয়। পৃথিবী দু'ভাগে বিভক্ত হয়ে পড়ে। একদিকে মার্কিন যুক্তরাষ্ট্র (United States of America: USA) এর নেতৃত্ব পুঁজিবাদী বিশ্ব (প্রথম বিশ্ব) একত্রিত হয়, অন্যদিকে সোভিয়েত ইউনিয়ন (Union of Soviet Socialist Republics - USSR) এর নেতৃত্ব সমাজতান্ত্রিক বিশ্ব (দ্বিতীয় বিশ্ব) এক পতাকাতলে একত্রিত হয়। দুই পরাশক্তি সরাসরি যুদ্ধে অবতীর্ণ না হয়ে কূটনৈতিক, অর্থনৈতিক, সামরিক কলাকৌশল, প্রচারণা শক্তির মাধ্যমে একে অপরকে পরাভূত করার প্রচেষ্টায় লিপ্ত হয়। উভয়ের মধ্যকার উত্তেজনাকর সেই সময়কে স্নায়ুযুদ্ধ (Cold War) হিসেবে অভিহিত করা হয়।

Scanned with CamScanner

## লৌহ পর্দা (Iron Curtain)

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপ দু'ভাগে বিভক্ত হয়ে যায়, পশ্চিম ইউরোপ ও পূর্ব ইউরোপ। পশ্চিম ইউরোপে পুঁজিবাদ তথা সংসদীয় গণতন্ত্রের বিকাশ ঘটে, অন্যদিকে পূর্ব ইউরোপে সোভিয়েত ধাঁচের সমাজতন্ত্র বিকশিত হয়। ১৯৪৬ সালের ৫ মার্চ ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল যুক্তরাষ্ট্রের ফুলটনে এক বক্তৃতায় ইউরোপের পশ্চিম ও পূর্বের এই বিভক্তিকে 'লৌহ পর্দা' বলে অভিহিত করেন। দুই মতাদর্শকে কেন্দ্র করে গড়ে ওঠে দু'টি সামরিক জোট ন্যাটো এবং ওয়ারশ।

**উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা** (North Atlantic Treaty Organization - NATO) প্রতিষ্ঠিত হয় ৪ এপ্রিল, ১৯৪৯। সদর দপ্তর স্থাপিত হয় যুক্তরাজ্যের লন্ডনে। (বি.দ্র.- ন্যাটোর বর্তমান সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে)। পশ্চিম ইউরোপের পুঁজিবাদী তথা গণতান্ত্রিক দেশগুলো গঠন করে ন্যাটো। মার্কিন যুক্তরাষ্ট্র ছিল এর নেতৃত্বে। ন্যাটো তার যাত্রা শুরু করেছিল ১২টি দেশ নিয়ে। দেশগুলো হলো বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, ব্রিটেন, আইসল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড, নরওয়ে, পর্তুগাল, কানাডা এবং যুক্তরাষ্ট্র। ন্যাটো গঠনের পিছনে কাজ করে সোভিয়েত আগ্রাসন রোধ তথা সমাজতন্ত্রের প্রসার রোধ করার ব্যাপারটি। সদস্য মিত্র রাষ্ট্রদের স্বাধীনতা ও নিরাপত্তা প্রদানের অঙ্গীকার বিষয়ে সংগঠনটির চার্টারের আর্টিকেল ৫ এ বলা হয়, 'যদি কোন দেশ ন্যাটোভুক্ত কোন দেশে আক্রমণ করে, তবে এটি সকল দেশের বিরুদ্ধে আক্রমণ হিসেবে ধরা হবে এবং সকল রাষ্ট্র মিলিতভাবে তদানুযায়ী ব্যবস্থা নিবে'। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সমাজতন্ত্রের প্রসার রোধকল্পে মার্কিন যুক্তরাষ্ট্র ও পশ্চিম ইউরোপীয় দেশগুলো ধারক নীতি (Policy of Containment) গ্রহণ করে। মার্কিন কূটনীতিক জর্জ এফ কেনান ছিলেন এই নীতির প্রবক্তা। ধারক নীতি বাস্তবায়নের লক্ষ্যে ১৯৪৭ সালে ১২ মার্চ মার্কিন প্রেসিডেন্ট ট্রুম্যান কংগ্রেসের সভায় তাঁর বিখ্যাত 'ট্রুম্যান মতবাদ' (Truman Doctrine) ঘোষণা করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর গ্রিস এবং তুরস্কে কমিউনিস্টদের প্রভাব বাড়ছিল। মার্কিন প্রেসিডেন্ট হেনরি ট্রুম্যান গ্রিস ও তুরস্কের পরিস্থিতি বিবেচনা করে দেশ দুটোকে অর্থনৈতিক সাহায্য প্রদানের সুপারিশ করেন। ট্রুম্যান মতবাদের আশু করণীয় গ্রিক ও তুরস্ককে আর্থিক সাহায্য প্রদান হলেও এর মৌখিক অঙ্গীকার ছিল বিশ্বব্যাপী। ১৯৫২ সালে গ্রিস এবং তুরস্ক (মুসলিম দেশ) ন্যাটোতে যোগ দেয়। ট্রুম্যানের এই নীতি আর্থিকভাবে প্রয়োগের জন্য ১৯৪৭ সালের জুন মাসে মার্কিন সেক্রেটারী জেনারেল জর্জ মার্শাল ঘোষণা করেন, ইউরোপ পুনর্গঠনে যুক্তরাষ্ট্র সাহায্য করবে। পশ্চিম ইউরোপের দেশগুলো মার্শাল প্লান এর অন্তর্ভুক্ত হয়। সোভিয়েত ইউনিয়নের চাপে পূর্ব ইউরোপের দেশগুলো মার্শাল প্লানে যোগদানে বিরত থাকে। মার্শাল প্লানের পর ১৯৪৮ সালে বেলজিয়াম (*Be*lgium), নেদারল্যান্ড (*Ne*therlands), লুক্সেমবার্গ (*Lux*emburg) একটি সাধারণ শুল্ক নীতি গ্রহণ করে বাণিজ্য উন্নতির জন্য বেনেলাক্স (*BeNeLux*) গঠন করে। ১৯৪৮ সালের মার্চে ব্রিটেন ও ফ্রান্স এতে যোগ দিলে ব্রাসেলস সন্ধিজোট গঠিত হয়।

**ওয়ারশ** (Warsaw Treaty Organization) এর জন্ম হয় ১৯৫৫ সালে। পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক দেশগুলোর সমন্বয়ে গড়ে ওঠে ওয়ারশ প্যাক্ট, যার নেতৃত্বে ছিল সোভিয়েত ইউনিয়ন। জন্মলগ্নে ওয়ারশ প্যাক্টের সদস্য সংখ্যা ছিল ৮। দেশগুলো হচ্ছে বুলগেরিয়া, চেকোস্লাভিয়া, পূর্ব জার্মানি, পোল্যান্ড, রুমানিয়া, সোভিয়েত ইউনিয়ন, হাঙ্গেরি এবং আলবেনিয়া। ওয়ারশ জোট গঠনের প্রক্রিয়া শুরু হয়েছিল কমিনফর্ম (Cominform - Communist Information Bureau) গঠনের মাধ্যমে। পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক আদর্শে শাসিত ৮টি দেশকে কঠিন নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে ১৯৪৭ সালে কমিনফর্ম গঠন করে সোভিয়েত ইউনিয়ন। মার্শাল প্লানের প্রতিপক্ষ হিসেবে পূর্ব ইউরোপের দেশগুলোতে আর্থিক সাহায্য প্রদানের উদ্দেশ্যে ১৯৪৯ সালে কমেকন (Comecon - Council for Mutual Economic Assistance) গঠন করে সোভিয়েত ইউনিয়ন। পূর্ব ইউরোপের প্রতিটি দেশে সোভিয়েত ইউনিয়নের সমর্থনপুষ্ট সমাজতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হলেও সেখানে ভেতরে ভেতরে সোভিয়েত বিরোধিতাও লক্ষ্য করা যায়। এক্ষেত্রে আলবেনিয়ার শাসক আনোয়ার হোজ্জার কথা উল্লেখ করা যায়। সোভিয়েত আধিপত্যের সমালোচনা করেছিলেন তিনি এবং ১৯৬৮ সালে ওয়ারশ প্যাক্ট থেকে আলবেনিয়াকে বের করে নিয়ে এসেছিলেন। কিন্তু তারপরও পূর্ব ইউরোপের দেশগুলোতে সোভিয়েত আধিপত্য ও কর্তৃত্ব বজায় ছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানিকে বিভক্ত করে পূর্ব এবং পশ্চিম জার্মানি গঠন করা হয়। পূর্ব জার্মানিতে সমাজতান্ত্রিক ব্যবস্থা এবং পশ্চিম জার্মানিতে পুঁজিবাদী ব্যবস্থা চালু করা হয়। পশ্চিম জার্মানির পুঁজিবাদের ধাক্কা যেন কমিউনিস্ট শাসিত পূর্ব জার্মানিতে না লাগে, সেজন্য পূর্ব জার্মানির কমিউনিস্ট শাসকেরা বার্লিন শহরের মাঝ দিয়ে তৈরি করে ১৫৫ কি.মি. দীর্ঘ কংক্রিটের প্রাচীর। ১৯৬১ সালের ১৩ আগস্ট এই প্রাচীরের নির্মাণকাজ শুরু হয়।

## MCQ Solution

১. **'Cold war' শব্দের পারিভাষিক শব্দ কোনটি?** [বিএসসি ইন নার্সিং এর (প্রথম বর্ষ) : ২৩-২৪]
ক) যুদ্ধের শুরু খ) বাকযুদ্ধ
গ) স্নায়ুযুদ্ধ ঘ) যুদ্ধের অবসান **উত্তর: গ**

২. **পূর্ব ইউরোপের দেশ নয়-** [রেজিস্টার্ড প্রাথমিক সহকারী শিক্ষক (গোলাপ): ১১]
ক) রুমানিয়া খ) পর্তুগাল
গ) হাঙ্গেরি ঘ) আলবেনিয়া **উত্তর: খ**

৩. **লৌহপর্দা (Iron Curtain) শব্দগুচ্ছ কোন রাষ্ট্রনায়ক ব্যবহার করেন?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক) চার্চিল খ) রুজভেল্ট
গ) জর্জ ওয়াশিংটন ঘ) ট্রুম্যান **উত্তর: ক**

Scanned with CamScanner

৪. উত্তর আটলান্টিক চুক্তির মাধ্যমে কোন প্রতিষ্ঠান গঠিত হয়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ে অডিটর: ১৭]
ⓚ ন্যাম ⓚ ন্যাটো
ⓖ নাফটা ⓖ আইএমএফ উত্তর: খ

৬. NATO stand for- [জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর ক্যাশিয়ার: ২৩]
ⓐ North Atlantic Treaty Organization
ⓑ North Alliance Treaty Organization
ⓒ North Atlantic Target Organization
ⓓ None of them উত্তর: ক

৫. নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন (NATO) কোন বছর প্রতিষ্ঠিত হয়? [৪১তম বিসিএস/২১তম বিসিএস/১৭তম বিসিএস/১৬তম বিসিএস]
ⓚ ৪ এপ্রিল, ১৯৪৯ ⓚ ৩ জানুয়ারি, ১৯৫৪
ⓖ ২৬ মে, ১৯৫৫ ⓖ ১ ফেব্রুয়ারি, ১৯৫৬ উত্তর: ক

৭. NATO এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [PKSF মাঠ কর্মকর্তা:২৫]
ⓚ ফ্রান্স ⓚ কানাডা
ⓖ বেলজিয়াম ⓖ উগান্ডা উত্তর: গ

৮. North Atlantic Treaty Organization (NATO) এর প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর কোথায় ছিল? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিনিয়র অফিসার: ২১]
ⓚ লন্ডন ⓚ প্যারিস
ⓖ ব্রাসেলস ⓖ মাদ্রিদ উত্তর: ক

৯. ১৯৪৯ সালে যখন ন্যাটো গঠিত হয়, তখন এর সদস্য রাষ্ট্রের সংখ্যা ছিল - [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৪]
ⓚ ১১ ⓚ ১২
ⓖ ৯ ⓖ ১৩ উত্তর: খ

১০. NATO কোন ধরনের জোট? [BR সহকারী লোকোমোটিভ মাস্টার: ২২]
ⓐ Political (রাজনৈতিক)
ⓑ Social (সামাজিক)
ⓒ Environmental (পরিবেশগত)
ⓓ Military (সামরিক) Ans. d

১১. Which one in the largest country in Western Europe by land area? [UCBL Management Trainee: 17]
ⓐ France ⓑ Germany
ⓒ Spain ⓓ Italy Ans. a

১২. উত্তর আটলান্টিক চুক্তির কত নম্বর ধারায় যৌথ নিরাপত্তার ধারণাটির ব্যক্ত হয়েছে? [৪৬তম বিসিএস]
ⓚ আর্টিকেল ২ ⓚ আর্টিকেল ৩
ⓖ আর্টিকেল ৪ ⓖ আর্টিকেল ৫ উত্তর: ঘ

১৩. ন্যাটো (NATO)- তে কোন মুসলিম রাষ্ট্র সদস্য? [৪১তম বিসিএস]
ⓚ সৌদি আরব ⓚ ইরান
ⓖ মিশর ⓖ তুরস্ক উত্তর: ঘ

১৪. পশ্চিম ইউরোপে 'ট্রুম্যান ডকট্রিন' কবে ঘোষণা করা হয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]
ⓚ ১৯৪৭ ⓚ ১৯৪৯
ⓖ ১৯৫০ ⓖ ১৯৫৩ উত্তর: ক

১৫. জর্জ কেনান মার্কিন কূটনীতির ক্ষেত্রে কেন প্রসিদ্ধ? [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) : ৯৯]
ⓚ কূটনীতির নতুন ধারণা দেন
ⓚ 'Containment Doctrine'-এর প্রবক্তা
ⓖ Detente প্রক্রিয়ার কর্ণধার
ⓖ নিবারক তত্ত্বের জন্মদাতা উত্তর: খ

১৬. বেনেলাক্স (Benelux) কত সালে গঠিত হয়েছিল? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার: ০৬]
ⓚ ১৯৪৮ ⓚ ১৯৫০
ⓖ ১৯৫১ ⓖ ১৯৫২ উত্তর: ক

১৭. বেনেলাক্স (Benelux) বলতে যে দেশগুলোকে বোঝায়- [১৭তম বিসিএস]
ⓚ সুইডেন, নরওয়ে, ফিনল্যান্ড
ⓚ বেলজিয়াম, নেদারল্যান্ড, লুক্সেমবার্গ
ⓖ চেক প্রজাতন্ত্র, পোল্যান্ড, জার্মানি
ⓖ ইংল্যান্ড, আইরিশ প্রজাতন্ত্র, ফ্রান্স উত্তর: খ

১৮. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দ্বের ফলে সৃষ্ট পূর্বের অর্থনৈতিক জোটটির নাম ছিল - [৩৫তম বিসিএস]
ⓚ কমিন্টার্ন ⓚ কমিনফর্ম
ⓖ কমেকন ⓖ কোনোটি নয় উত্তর: গ

১৯. পশ্চিম ইউরোপের দেশ কোনটি? [জবি (বি ইউনিট): ১৪-১৫]
ⓚ হাঙ্গেরি ⓚ ইতালি
ⓖ আলবেনিয়া ⓖ পোল্যান্ড উত্তর: খ

২০. Which one of the following countries served as a buffer during the Cold War? [SBC Assistant Manager : 24]
ⓐ Poland ⓑ Belgium
ⓒ Romania ⓓ Sweden Ans. d

২১. আনোয়ার হোজ্জা কোন দেশের শাসক ছিলেন? [ঢাবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ উজবেকিস্তান ⓚ তুরস্ক
ⓖ আলবেনিয়া ⓖ তাজিকিস্তান উত্তর: গ

২২. আলবেনিয়া স্নায়ুযুদ্ধকালীন সময়ে যে পররাষ্ট্র নীতির ধারায় চলেছিল- [গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল): ৯৯]
ⓚ জোটনিরপেক্ষ ⓚ বিচ্ছিন্ন প্রবণতাভিত্তিক
ⓖ মিত্রতার সম্পর্ক ⓖ মতাদর্শগতভিত্তিক উত্তর: খ

২৩. বার্লিন প্রাচীর তৈরি করেছিল- [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ⓚ সাবেক পূর্ব জার্মানি ⓚ সাবেক পশ্চিম জার্মানি
ⓖ দুই জার্মানি একত্রে ⓖ রাশিয়া উত্তর: ক

২৪. বার্লিনের দেওয়াল কোন সালে নির্মিত হয়েছিল? [১৬তম বিসিএস]
ⓚ ১৯৪৬ ⓚ ১৯৪৮
ⓖ ১৯৬১ ⓖ ১৯৬২ উত্তর: গ

২৫. জার্মানির ঐতিহাসিক 'বার্লিন দেয়াল' তৈরি করা হয় কখন? [জবি (সিও ইউনিট) : ১৫-১৬]
ⓚ ১৯৪৯ সালের ২৩ মে ⓚ ১৯৬১ সালের ১৩ আগস্ট
ⓖ ১৯৬২ সালের ১২ ফেব্রুয়ারি
ⓖ ১৯৬৩ সালের ৩ জুন উত্তর: খ

Scanned with CamScanner

## চীনে সমাজতান্ত্রিক বিপ্লব

রুশ বিপ্লবের প্রদর্শিত পথেই তিন দশক পরে চীনের কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যুগান্তকারী চীন বিপ্লব সংঘটিত হয়। চীনের সমাজতান্ত্রিক আন্দোলনের নেতৃত্ব দেন মাও সেতুং। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান আত্মসমর্পণ করলে কমিউনিস্টরা চীনের অনেক অঞ্চলে নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে।


মাও সেতুং

রাষ্ট্রের ভবিষ্যৎ নিয়ে কমিউনিস্ট এবং জাতীয়তাবাদীদের মধ্যে মতবিরোধ সৃষ্টি হলে চীনে গৃহযুদ্ধ শুরু হয়। ১৯৪৫-১৯৪৯ সাল পর্যন্ত চীনে গৃহযুদ্ধ চলে। ১৯৪৯ সালে চীনের মূল ভূখণ্ডে মাও সেতুং এর নেতৃত্ব কমিউনিস্টদের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। মাও সেতুং ১৯৪৯ সালের ১ অক্টোবর চীনকে গণপ্রজাতন্ত্রী *(People's Republic of China)* হিসেবে ঘোষণা করেন এবং তিনি গণপ্রজাতন্ত্রী চীনের চেয়ারম্যান পদ গ্রহণ করেন। চায়না জাতীয়তাবাদী দলের নেতৃবৃন্দ ফারমোজায় আশ্রয় গ্রহণ করে *Republic of China* (তাইওয়ান) প্রতিষ্ঠা করে। সোভিয়েত ইউনিয়ন চীনের নতুন সরকারকে স্বাগত জানায়। কমিউনিস্টদের প্রতি তীব্র ভয় এবং ক্ষোভ থেকে যুক্তরাষ্ট্র চীনের নতুন সরকারকে স্বাগত জানানোর মত সৌজন্য দেখাতে পারেনি।

**বিপ্লব পরবর্তী রাজনৈতিক ঘটনাপ্রবাহ:** ১৯৫৬ সালে চীনে 'শতফুল ফুটতে দাও' নীতি গ্রহণ করেন মাও সেতুং। তিনি রাষ্ট্রের বিভিন্নমুখী চিন্তাধারা প্রকাশে বুদ্ধিজীবী শ্রেণিকে স্বাধীনতা প্রদান করেন। চীনের কৃষি অর্থনীতিকে খুব দ্রুত একটি শিল্প হিসেবে গড়ে তুলতে উদ্যোগ নেন মাও সেতুং। তাঁর এই কর্মসূচি Great Leap Forward নামে পরিচিতি পায়। তাঁর এই উদ্যোগ ব্যর্থ হলে চীনে ভয়াবহ দুর্ভিক্ষ (১৯৫৯ -৬১ খ্রি.) হয়। এরপর সাংস্কৃতিক বিপ্লব (১৯৬৬ - ৭৬ খ্রি.)- এর কারণে চীনের অর্থনীতিতে বিশৃঙ্খলার সৃষ্টি হয়। প্রতিদ্বন্দ্বীদের হাত থেকে কমিউনিস্ট পার্টিকে মুক্ত করতে মাও সেতুং এই বিপ্লবের সূচনা করেন।

১৯৭১ সালে চীনের আমন্ত্রণে মার্কিন যুক্তরাষ্ট্রের টেবিল টেনিস (Ping-pong) দল চীন সফর করে। এই সফরের মধ্য দিয়ে দেশ দুটির দীর্ঘ দিনের বৈরী সম্পর্কের বরফ গলতে শুরু করে। এই ঘটনা 'পিং-পং কূটনীতি' (Ping-pong Diplomacy) নামে পরিচিতি পায়। পিং-পং ডিপ্লোমেসির ইংরেজি প্রতিশব্দ Table Tennis Diplomacy।

## MCQ Solution

১. **গণচীনের প্রতিষ্ঠাতা কে?** [NSI'র ডেসপাচ রাইডার: ২১]
ⓚ মাও সেতুং
ⓚ সান ইয়াৎ সেন
ⓖ চিয়াং কাইশেক
ⓖ লিও শাও চি
উত্তর: ক

২. **Which of the following is a communist state?** [PKBL Senior Officer (Cash): 14]
ⓐ South Korea ⓑ China
ⓒ Brazil ⓓ Poland
Ans. b

৩. **চীনে কমিউনিস্ট বিপ্লব হয় কবে?** [বেবিচক এর উচ্চমান সহকারী: ২১]
ⓚ ১৯৭১ ⓚ ১৯৫০
ⓖ ১৯৮০ ⓖ ১৯৪৯
উত্তর: ঘ

৪. **মাও সেতুং চীনকে সমাজতান্ত্রিক রাষ্ট্র ঘোষণা করেন কবে?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর সহকারী শিক্ষক : ২৩]
ⓚ ১৯৪১ ⓚ ১৯৪৯
ⓖ ১৯৪২ ⓖ ১৯৪৫
উত্তর: খ

৫. **Great Leap Forward ইতিহাসের এই অতি সমালোচিত কর্মসূচিটির প্রবক্তা হচ্ছেন** - [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ দেং শিয়াও পিং ⓚ মাও সেতুং
ⓖ হু জিনতাও ⓖ চৌ এন
উত্তর: খ

৬. **সাংস্কৃতিক বিপ্লব কোথায় সংঘটিত হয়?** [পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল (খুলনা) পোস্টাল অপারেটর : ২৩]
ⓚ কিউবা ⓚ চীন
ⓖ রাশিয়া ⓖ চিলি
উত্তর: খ

৭. **চীনে সাংস্কৃতিক বিপ্লব শুরু হয় কত সালে?** [শিক্ষা ও প্রকৌশল অধিদপ্তর উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল): ২১]
ⓚ ১৯৪৯ ⓚ ১৯৬২
ⓖ ১৯৬৯ ⓖ ১৯৫০
উত্তর:
ব্যাখ্যা: সঠিক উত্তর ১৯৬৬ সালে।

৮. **পিং-পং এর অর্থ হচ্ছে** - [৩৮তম বিসিএস]
ⓚ ভলিবল ⓚ টেবিল টেনিস
ⓖ বাস্কেট বল ⓖ লন টেনিস
উত্তর: খ

৯. **Ping-pong Diplomacy-র সাথে কোন দেশটি সংশ্লিষ্ট?** [সাব-রেজিস্ট্রার: ০১]
ⓚ চীন ⓚ জাপান
ⓖ ইসরাইল ⓖ কোরিয়া
উত্তর: ক

## স্নায়ুযুদ্ধের উত্তেজনা এবং শান্তিপূর্ণ সহাবস্থান

ঠাণ্ডা যুদ্ধে দুই প্রবল প্রতিপক্ষ সোভিয়েত ইউনিয়ন এবং মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বব্যাপী রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাব বিস্তারে সচেষ্ট হয়। যুক্তরাষ্ট্র (*U*nited *S*tates) পৃথিবীর বিভিন্ন অঞ্চলের সাথে কতকগুলো আঞ্চলিক প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করে। এগুলো হচ্ছে - ল্যাটিন আমেরিকার দেশগুলোর সাথে Inter-American Treaty of Reciprocal Assistance সংক্ষেপে RIO Pact (১৯৪৭ খ্রি.), অস্ট্রেলিয়া (*A*ustralia) এবং নিউজিল্যান্ড (*N*ew *Z*ealand) এর সাথে ***ANZUS*** চুক্তি (১৯৫১ খ্রি.), দক্ষিণ-পূর্ব এশিয়ায় Southeast Asia Treaty Organization সংক্ষেপে SEATO (১৯৫৪ খ্রি.) এবং মধ্যপ্রাচ্যের দেশগুলোর সাথে Central Treaty Organization সংক্ষেপে CENTO (১৯৫৫ খ্রি.)।

Scanned with CamScanner

## MCQ Solution

১. **ANZUS কোন ধরনের সংগঠন?** [রাবি (ব্যবস্থাপনা বিভাগ): ০৮-০৯]
(ক) অর্থনৈতিক (খ) রাজনৈতিক
(গ) আঞ্চলিক (ঘ) সামরিক **উত্তর: গ**

২. **ANZUS stands for-** [SIBL Trainee Assistant Officer: 04]
ⓐ Australia, New Zealand,UAE & South Africa
ⓑ America, New Zealand, UK & Switzerland
ⓒ Austraia, New Zealand & United States
ⓓ Australia, New Zealand, Uruguay & South Africa
**Ans. c**

৩. **Central Treaty Organization-** [RU (Social work): 03-04]
ⓐ CTO ⓑ CENTO
ⓒ CTRO ⓓ CNTO **Ans. b**

৪. **কোনটি সামরিক জোট নয়?** [ডাক বিভাগ এর মেইল অপারেটর : ২৩]
(ক) ন্যাটো (খ) ওয়ারশ
(গ) সিয়াটো (ঘ) নাফটা **উত্তর: ঘ**

## স্নায়ুযুদ্ধকালীন সংকট

**কোরীয় যুদ্ধ (১৯৫০ - ১৯৫৩ খ্রি.):** কোরীয় উপদ্বীপ জাপান সাগর ও পীত সাগরের মধ্যে অবস্থিত। ১৯০৪-০৫ সালে রুশ-জাপান যুদ্ধের পর কোরিয়া জাপানের আশ্রিত রাজ্যে পরিণত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের পরাজয়ের পর কোরিয়ায় মার্কিন এবং সোভিয়েত বাহিনী ঢুকে পড়ে। ১৯৪৫ সালে কোরিয়া উপদ্বীপকে ৩৮ ডিগ্রি উত্তর অক্ষরেখা (38th Parallel North) বরাবর সোভিয়েত নিয়ন্ত্রণাধীন উত্তর এবং যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন দক্ষিণ অংশে বিভক্ত করা হয়। ১৯৪৮ সালে আনুষ্ঠানিকভাবে জন্ম নেয় উত্তর কোরিয়া (Democratic People's Republic of Korea) ও দক্ষিণ কোরিয়া (Republic of Korea)। ১৯৫০ সালের ২৫ জুন উত্তর কোরিয়া ৩৮ ডিগ্রি অক্ষরেখা অতিক্রম করে দক্ষিণ কোরিয়ায় আক্রমণ করলে যুদ্ধ বাঁধে। যুক্তরাষ্ট্র জাতিসংঘের ব্যানারে উত্তর কোরিয়ার বিপক্ষে যুদ্ধে নামে। চীন উত্তর কোরিয়ার পক্ষে যুদ্ধে জড়িয়ে পড়ে। বৃহৎ শক্তিগুলো যুদ্ধে জড়িয়ে পড়লে ১৯৫০ সালের ৩ নভেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদে Uniting for peace resolution গৃহীত হয়। এতে বলা হয়, কোনো স্থায়ী সদস্যের ভেটোর কারণে নিরাপত্তা পরিষদ আন্তর্জাতিক শান্তি বিনষ্টকারী শক্তির বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হলে সাধারণ পরিষদ শান্তি রক্ষার্থে যে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারবে। ১৯৫৩ সালে দুই কোরিয়ার মধ্যবর্তী পানমুনজান গ্রামে যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরিত হয়। পুরানো ৩৮ ডিগ্রি অক্ষরেখাকে একটু হেরফের করে সাজানো হয়। দুই কোরিয়ার মাঝে গড়ে তোলা হয় ৪ কি.মি. চওড়া বাফার জোন 'কোরীয় অসামরিক অঞ্চল' (Korean Demilitarized Zone)। পীত সাগরে দুই দেশের মধ্যে বিরোধপূর্ণ সমুদ্রসীমাকে উত্তর সীমা রেখা (Northern Limit Line - NLL) দ্বারা নির্দেশ করা হয়। যুদ্ধশেষে কোন শান্তি চুক্তি না হওয়ায় দুই কোরিয়ার সেনারা এখনো যুদ্ধাবস্থায়ই অবস্থান করে।




**ভিয়েতনাম যুদ্ধ (১৯৫৫ -১৯৭৫ খ্রি.):** প্রথম ইন্দোচীন যুদ্ধ শেষে ১৯৫৪ সালে ভিয়েতনামকে জেনেভা চুক্তির মাধ্যমে ১৭° উত্তর অক্ষরেখা বরাবর অস্থায়ীভাবে উত্তর এবং দক্ষিণ এই দুই অংশে বিভক্ত করা হয়। ভিয়েতনামের সাম্যবাদীরা উত্তর ভিয়েতনামের নিয়ন্ত্রণ পায়। অন্যদিকে দক্ষিণ ভিয়েতনামে সাম্যবাদ বিরোধীরা শাসন শুরু করে। উত্তর ভিয়েতনামের সাম্যবাদীরা একটি একত্রিত সাম্যবাদী ভিয়েতনাম গঠন করতে চাচ্ছিল। মার্কিন নীতি নির্ধারকরা বিশ্বাস করতেন যে, যদি সমগ্র ভিয়েতনাম সাম্যবাদী শাসনের অধীনে চলে আসে, তবে 'ডমিনো তত্ত্ব' অনুসারে দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বত্র সাম্যবাদ ছড়িয়ে পড়বে। ফলে মার্কিন যুক্তরাষ্ট্র ভিয়েতনামের ঘটনাবলির সাথে জড়িয়ে পড়ার সিদ্ধান্ত নেয়। তারা দক্ষিণ ভিয়েতনামে সাম্যবাদ বিরোধী সরকার প্রতিষ্ঠায় সহায়তা করে। শুরু হয় যুদ্ধ। যুদ্ধে মার্কিন আচরণের প্রকাশ্য সমালোচনা করেন জাতিসংঘের মহাসচিব উ থান্ট। তিনি যুদ্ধ অবসানে ওয়াশিংটন এবং হ্যানয়ের মধ্যে শান্তি আলোচনার মধ্যস্থতা করেন। শান্তি স্থাপনে উত্তর ভিয়েতনাম এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয় প্যারিস শান্তি চুক্তি (১৯৭৩) এবং মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন ভিয়েতনাম যুদ্ধে যুক্তরাষ্ট্রের সম্পৃক্ততার ইতি টানেন। যুক্তরাষ্ট্র ভিয়েতনাম থেকে সৈন্য প্রত্যাহারের আগে উত্তর ভিয়েতনামের সেনাবাহিনী দক্ষিণ ভিয়েতনামের তৎকালীন রাজধানী সায়গন (পরবর্তীতে

Scanned with CamScanner

(হো চি মিন নগরী) দখল করে নেয়। ১৯৭৬ সালের ২ জুলাই আনুষ্ঠানিকভাবে দুই ভিয়েতনাম একত্রিত করে একটি সাম্যবাদী রাষ্ট্র প্রতিষ্ঠা করা হয়, রাজধানী হয় হ্যানয়।



উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম (১৯৫৪ - ১৯৭৬ খ্রি.)

**এর্নেস্তো চে গুয়েভারা (১৯২৮ - ১৯৬৭ খ্রি.)**



চে গুয়েভারা ছিলেন একজন আর্জেন্টিনীয় মার্কসবাদী বিপ্লবী, চিকিৎসক এবং লেখক। দক্ষিণ আমেরিকায় তাঁর মোটরসাইকেলে ভ্রমণের স্মৃতিকথা 'The Motorcycle Diaries' একটি জনপ্রিয় রচনা। কিউবার সফল বিপ্লবের পর ক্যাস্ত্রোর মন্ত্রিসভায় গুরুত্বপূর্ণ দায়িত্ব পান তিনি। আফ্রিকা ও দক্ষিণ আমেরিকায় বিপ্লব ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে তিনি পদত্যাগ করে কিউবা ছেড়ে যান। বলিভিয়া গণ-অভ্যুত্থান ঘটানোই ছিল তাঁর উদ্দেশ্য। বলিভিয়ার সৈনিক মারিও তেরান স্যালাজার ৯ অক্টোবর, ১৯৬৭ সালে পূর্ব সান্তা ক্রুজ প্রদেশের জঙ্গলে চে গুয়েভারাকে গুলি করে হত্যা করে।

**কিউবার ক্ষেপণাস্ত্র সংকট (Cuban Missile Crisis), ১৯৬২ খ্রি.:** ১৯৫৯ সালে কিউবায় সমাজতন্ত্রী বিপ্লবীরা যুক্তরাষ্ট্রের মদদপুষ্ট স্বৈরশাসক বাতিস্তাকে উৎখাত করে ক্ষমতায় অধিষ্ঠিত হয়। 'কিউবা বিপ্লব' এর নেতৃত্ব দেন ফিডেল কাস্ত্রো এবং চে গুয়েভারা। ক্যাস্ত্রোর আত্মজীবনী 'The Strategic Victory' তে ঘটনাবহুল 'কিউবা বিপ্লব' এর বিশদ বিবরণ পাওয়া যায়। যুক্তরাষ্ট্র কিউবার সমাজতান্ত্রিক সরকারকে সহজভাবে গ্রহণ করে নি। ১৯৬১ সালে মার্কিন প্রশাসন ভাড়াটে কিউবানদের দিয়ে কিউবার বিপ্লবী সরকারকে উৎখাত করার ব্যর্থ প্রচেষ্টা ('বে অব পিগস' অভিযান) চালায়। ওই ঘটনার প্রেক্ষিতে সোভিয়েত ইউনিয়ন কিউবার নিরাপত্তা নিশ্চিত করার উদ্যোগ নেয়। ১৯৬২ সালে সোভিয়েতরা কিউবায় ক্ষেপণাস্ত্র ঘাঁটি স্থাপন করে। ওই ক্ষেপণাস্ত্রগুলো দিয়ে যুক্তরাষ্ট্রের বড় বড় শহরে আঘাত হানা যেত। এতে যুক্তরাষ্ট্র আতঙ্কগ্রস্থ হয়ে পড়ে। যুক্তরাষ্ট্র কিউবা থেকে ক্ষেপণাস্ত্র প্রত্যাহারের দাবি জানায়। কিন্তু সোভিয়েত ইউনিয়ন ঐ দাবি প্রত্যাখান করে ১৯৬২ সালের অক্টোবরে অস্ত্র শস্ত্র বোঝাই জাহাজ কিউবায় পাঠায়। যুক্তরাষ্ট্র নৌ-অবরোধ আরোপ করে। মার্কিন যুদ্ধজাহাজ অস্ত্রবোঝাই সোভিয়েত জাহাজের গতিরোধ করে। মুখোমুখি দাঁড়িয়ে যায় দুই পরাশক্তি। এ সময় মার্কিন প্রেসিডেন্ট ছিলেন কেনেডি আর সোভিয়েত ইউনিয়নে ক্রুশ্চেভ। ১৩ দিন এই নৌ-অবরোধ বহাল ছিল। শেষ পর্যন্ত উভয় পরাশক্তি সংযম প্রদর্শন করায় পারমাণবিক যুদ্ধ এড়ানো সম্ভব হয়।

**আফগানিস্তানে সোভিয়েত আগ্রাসন (১৯৭৯ - ১৯৮৯ খ্রি.):** আফগানিস্তান ঐতিহাসিকভাবেই বহিরাগত হানাদারদের জন্য কঠিন স্থান। এই দেশে সকল আক্রমণকারীকেই চরম শিক্ষা পেতে হয়েছে।

প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধ (১৮৩৯ - ১৮৪২ খ্রি.) শেষে আফগানিস্তান ছেড়ে পালিয়ে যাওয়ার সময় কয়েক হাজার ব্রিটিশ ও ভারতীয় সিপাহি আফগান যোদ্ধাদের হাতে নির্মমভাবে নিহত হয়েছিল। আফগানিস্তান আক্রমণ করে ব্রিটিশ বাহিনী যে ভুল করেছিল, বিংশ শতাব্দীর শেষ ভাগে সেই একই ভুলের পুনরাবৃত্তি করে বসে সোভিয়েত ইউনিয়ন। জার্মান চ্যান্সেলর বিসমার্কের সাথে তাই সুর মিলিয়ে বলতে হয় "এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না"। ১৯৭৯ সালে সামরিক মহড়ার আড়ালে সোভিয়েত বাহিনী আফগানিস্তানে প্রবেশ করে। তারা সেখানে একটি কমিউনিস্ট সরকার প্রতিষ্ঠা করে। আফগানিস্তানের সাথে চীন এবং সোভিয়েত প্রজাতন্ত্র (বর্তমানে স্বাধীন রাষ্ট্র) তুর্কেমেনিস্তান, উজবেকিস্তান ও তাজাকিস্তান এর সীমানা রয়েছে। এ কারণে আফগানিস্তান থেকে একদিকে চীন অন্যদিকে সোভিয়েত ইউনিয়নকে পর্যবেক্ষণ করা সম্ভব ছিল। এই সুযোগ হাতছাড়া করে নি যুক্তরাষ্ট্র। মার্কিন প্রশাসন আফগানিস্তানের কমিউনিস্ট সরকার বিরোধী গেরিলাদের (যারা 'মুজাহিদিন' নামে পরিচিত) জন্য সাহায্যের হাত প্রসারিত করে।

Scanned with CamScanner

আফগানিস্তানের সর্ববৃহৎ সীমানা রয়েছে পাকিস্তানের সাথে, যা ডুরান্ড লাইন নামে পরিচিত। পাকিস্তানের মাধ্যমে আফগান মুজাহিদদের বিপুল অস্ত্র ও অর্থ সরবরাহ শুরু করে মার্কিন প্রশাসন। পাকিস্তান সীমান্তে মুজাহিদদের প্রশিক্ষণ দিয়ে আফগানিস্তানে পাঠানো হয়। আফগানিস্তানের আরেক প্রতিবেশী ইরান শিয়াপন্থী আফগান মুসলমানদের অস্ত্র সরবরাহ করে। সোভিয়েত বাহিনী আফগান মুজাহিদিনদের গেরিলা আক্রমণে দিশেহারা হয়ে পড়ে। এক দশক পর সোভিয়েতরা বুঝতে পারে, দখলদারিত্ব টিকবে না। তারা নিজেদের প্রত্যাহার করে নেয়। ১৯৮৯ সালে আফগানিস্তান থেকে সোভিয়েত সৈন্য প্রত্যাহার সম্পন্ন হয়।

আফগানিস্তানের সীমন্তবর্তী ৬টি দেশ




**গ্রানাডায় মার্কিন আগ্রাসন (১৯৮৩ খ্রি.):** ১৯৭৯ সালে এক বিপ্লবের মাধ্যমে মার্কিন মদদপুষ্ট গ্রানাডার স্বৈরশাসক এরিক গ্যাইর পদচ্যুত হন। ১৯৮৩ সালে বিপ্লবী সরকারের ভিতরে ক্ষমতার লড়াই শুরু হয়। এই সুযোগে যুক্তরাষ্ট্রের রিগ্যান সরকার গ্রানাডায় সামরিক আগ্রাসন শুরু করে।

**নক্ষত্র যুদ্ধ:** ১৯৮৩ সালে মার্কিন রিগ্যান সরকার ভূমি ও মহাকাশে পরমাণু ক্ষেপণাস্ত্র আক্রমণ প্রতিরক্ষা ব্যবস্থা Strategic Defense Initiative (SDI) গড়ে তোলার উদ্যোগ নেয়। সমালোচকেরা একে নক্ষত্র যুদ্ধ (*Star War*)- এর পরিকল্পনা হিসাবে অভিহিত করে। এতে দুই পরাশক্তির মধ্যে উত্তেজনা দেখা দেয়। ১৯৮৬ সালে আইসল্যান্ডের রাজধানী রিকজাভিকে মার্কিন প্রেসিডেন্ট রিগ্যান ও সোভিয়েত নেতা মিখাইল গর্বাচেভের মধ্যে বৈঠকের পর উত্তেজনা প্রশমিত হয়।

## MCQ Solution

১. **কোনটি দ্বীপরাষ্ট্র নয়?** [রাবি (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬]
ⓚ কোরিয়া ⓛ অস্ট্রেলিয়া
ⓖ ইংল্যান্ড ⓘ ফিজি **উত্তর: ক**

২. **কোনটি উপদ্বীপ?** [১৮তম শিক্ষক নিবন্ধনের প্রভাষক (কলেজ পর্যায়) : ২৩]
ⓚ জাপান ⓛ কোরিয়া
ⓖ সৌদি আরব ⓘ কিউবা **উত্তর: খ**

৩. **কোনটি জাপান সাগর ও পীত সাগরের মধ্যে অবস্থিত?** [দুর্নীতি দমন কমিশনের কোর্ট পরিদর্শক: ২২]
ⓚ বাহরাইন দ্বীপ ⓛ কোরিয়া দ্বীপ
ⓖ জাভা দ্বীপ ⓘ সুমাত্রা দ্বীপ **উত্তর: খ**
ব্যাখ্যা: কোরিয়া একটি উপদ্বীপ।

৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কোরিয়া নিচের কোন দেশের অধীনে ছিল?** [যন্ত্র সহকারী নিয়োগ: ১০]
ⓚ যুক্তরাষ্ট্র ⓛ জাপান
ⓖ চীন ⓘ রাশিয়া **উত্তর: খ**

৫. **উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া কবে বিভক্ত হয়?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৬]
ⓚ ১৯৪৪ সালে ⓛ ১৯৪৫ সালে
ⓖ ১৯৪৬ সালে ⓘ ১৯৪৭ সালে **উত্তর: খ**

৬. **North & South Korea are divided by the -** [Security Printing Corporation Officer (General): 21]
*Or,*
**উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার সীমারেখা কোনটি?** [পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয় (খুলনা অঞ্চল) মেইল গ্রুপারের : ২৩]
ⓐ 17th Parallel (১৭তম অক্ষরেখা)
ⓑ 30th Parallel (৩০তম অক্ষরেখা)
ⓒ 38th Parallel (৩৮তম অক্ষরেখা)
ⓓ 18th Parallel (১৮তম অক্ষরেখা) **Ans. c**

৭. **কোরিয়ান যুদ্ধ কত সালে আরম্ভ হয়?** [সংস্থাপন মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ⓚ ১৯৪৮ ⓛ ১৯৫০
ⓖ ১৯৫১ ⓘ ১৯৫৫ **উত্তর: খ**

৮. **The duration of the Korean War was -** JU (C1 Unit): 15-16]
ⓐ 2 years ⓑ 3 years
ⓒ 8 years ⓓ 15 years **Ans. b**

৯. 'নর্দার্ন লিমিট লাইন' কোন দুটি দেশের বিরোধপূর্ণ স্থান? [কৃবি (বি ইউনিট): ১৮-১৯]
ⓚ চীন ও ভারত ⓚ উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া
ⓖ চীন ও মিয়ানমার ⓖ সুদান ও দক্ষিণ সুদান **উত্তর: খ**

১০. কোন সংকটকে কেন্দ্র করে ১৯৫০ সালে 'শান্তির জন্য ঐক্য প্রস্তাব' (Uniting for peace resolution) জাতিসংঘের মাধ্যমে পেশ করা হয়? [৩৬তম বিসিএস/১৭তম বিসিএস]
ⓚ ভিয়েতনাম সংকট ⓚ প্যালেস্টাইন সংকট
ⓖ কোরিয়া সংকট ⓖ সাইপ্রাস সংকট **উত্তর: গ**

১১. পানমুনজাম কি? [ঢাবি (ঘ ইউনিট): ০১-০২]
ⓚ তাইওয়ানের রাজধানী
ⓚ আগামী শীতকালীন অলিম্পিকের ভেন্যু
ⓖ আসিয়ানের সদর দপ্তর
ⓖ দুই কোরিয়ার মধ্যে একটি গ্রাম **উত্তর: ঘ**

১২. নিম্নের কোন দুটি দেশ এখনও বাস্তবিক পক্ষে যুদ্ধরত রয়েছে? [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ⓚ ভারত ও পাকিস্তান ⓚ উ. কোরিয়া ও দ. কোরিয়া
ⓖ যুক্তরাষ্ট্র ও জার্মানি ⓖ চীন ও জাপান **উত্তর: খ**

১৩. Duration of Vietnam War is form - [JU (C1 Unit): 15-16]
ⓐ 1955 - 1973 ⓑ 1956 - 1967
ⓒ 1966 - 1977 ⓓ 1987 - 1989 **Ans. a**

১৪. 'ডমিনো' তত্ত্বটি কোন অঞ্চলের জন্য প্রযোজ্য ছিল? [৩৫তম বিসিএস]
ⓚ নিকট প্রাচ্য ⓚ দক্ষিণ-পূর্ব এশিয়া
ⓖ পূর্ব আফ্রিকা ⓖ পূর্ব ইউরোপ **উত্তর: খ**

১৫. উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম কত সালে একত্রিত হয়? [উপজেলা ও থানা শিক্ষা অফিসার: ০৫]
ⓚ ১৯৭৩ সালে ⓚ ১৯৭৪ সালে
ⓖ ১৯৭৫ সালে ⓖ ১৯৭৬ সালে **উত্তর: ঘ**

১৬. জাতিসংঘের কোন মহাসচিব ভিয়েতনাম যুদ্ধ অবসানে মধ্যস্থতা করেন? [বাংলাদেশ কৃষি ব্যাংক লি. অফিসার (ক্যাশ): ১৫]
ⓚ দ্যাগ হ্যামারশুল্ড ⓚ উ থান্ট
ⓖ কুর্ট ওয়াল্ডহেইম ⓖ ট্রাইগভে লাই **উত্তর: খ**

১৭. আমেরিকার কোন প্রেসিডেন্টের সময় ভিয়েতনাম যুদ্ধ সমাপ্ত হয়? [রাবি (সামাজিক বিজ্ঞান অনুষদ): ১১-১২]
ⓚ লিন্ডন বি জনসন ⓚ রিচার্ড নিক্সন
ⓖ জিমি কার্টার ⓖ জন এফ কেনেডি **উত্তর: খ**

১৮. ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বন্দ্ব নিরসনে কোন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল? [DESCO'র অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার: ১৯]
ⓚ সল্ট-২ ⓚ ক্যাম্প ডেভিড চুক্তি
ⓖ প্যারিস শান্তি চুক্তি ⓖ ডেটন চুক্তি **উত্তর: গ**

১৯. হো চি মিন নগরের পূর্ববর্তী নাম কি ছিল? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ⓚ সায়গন ⓚ ভিয়েতমিন
ⓖ হ্যানয় ⓖ ভিয়েনতিয়েন **উত্তর: ক**

২০. কোন রাষ্ট্রটি সামাজিক-অর্থনৈতিক কারণে অন্যগুলি থেকে পৃথক? [ঢাবি (ঘ ইউনিট): ৯৯-০০]
ⓚ চিলি ⓚ কানাডা
ⓖ কিউবা ⓖ পানামা **উত্তর: গ**

২১. In Which country Ernesto Che Guevara was born? [JU (C1 Unit): 15-16]
*Or,*
চে গুয়েভারার জন্ম কোন দেশে? [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓐ Bolivia ⓑ Argentina
ⓒ Cuba ⓓ Mexico **Ans. b**

২২. চে গুয়ে ভারা ছিলেন- [ইবি (জি ইউনিট): ১৪-১৫]
ⓚ উরুগুয়ের লেখক
ⓚ বলিভিয়ার বিপ্লবী নেতা
ⓖ কিউবার বিপ্লবী নেতা
ⓖ পপ সংগীত শিল্পী **উত্তর: গ**

২৩. চে গুয়েভারা - [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ গেরিলা যোদ্ধা ⓚ ডাক্তার ও গেরিলা যোদ্ধা
ⓖ কবি ও ঔপন্যাসিক ⓖ নোবেল বিজেতা **উত্তর: খ**

২৪. অন্য দেশের বিপ্লবে সক্রিয় যোদ্ধা - [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ চে গুয়েভারা ⓚ লেনিন
ⓖ স্ট্যালিন ⓖ মাও সেতুং **উত্তর: ক**

২৫. 'The Motorcycle Diaries' কার জীবননির্ভর চলচ্চিত্র? [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ নেলসন ম্যান্ডেলা ⓚ চে গুয়েভারা
ⓖ ফিদেল ক্যাস্ট্রো ⓖ লেনিন **উত্তর: খ**

২৬. বিপ্লবী চে গুয়েভারা কোন দেশে নিহত হয়? [জাবি (আন্তর্জাতিক সম্পর্ক): ০৯-১০]
ⓚ আর্জেন্টিনায় ⓚ বলিভিয়ায়
ⓖ কিউবাতে ⓖ কলম্বিয়ায় **উত্তর: খ**

২৭. Who killed Che Guevara? [Global Islami Bank Ltd. Probationary Officer: 22]
ⓐ Marc Hutten ⓑ Mario Teran Salazar
ⓒ Gary Prado ⓓ Robert Brandon **Ans. b**

২৮. ফিদেল ক্যাস্ট্রো যে দেশের নাগরিক - [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) : ২২]
ⓚ পেরু ⓚ কিউবা
ⓖ ব্রাজিল ⓖ মেক্সিকো **উত্তর: খ**

২৯. 'The Strategic Victory' গ্রন্থের লেখক কে? [সমবায় অধিদপ্তরের সহকারী পরিদর্শক : ২৩]
ⓚ বিল ক্লিনটন ⓚ অনুন্ধতী রায়
ⓖ রুশো ⓖ ফিদেল ক্যাস্ট্রো **উত্তর: ঘ**

৩০. কিউবা ক্ষেপণাস্ত্র সংকট (The Cuban Missile Crisis) কোন সালে সংঘটিত হয়? [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ⓐ 1959 ⓑ 1961
ⓒ 1962 ⓓ 1964 **Ans. c**

Scanned with CamScanner

১৬. [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: ক

১৭. First Afghan war took place in-/ প্রথম আফগান যুদ্ধ সংঘটিত হয় - Janata Bank Ltd. Assistant Executive Officer: 15

Ⓐ1848 Ⓑ1843

Ⓒ1833 Ⓓ1839 Ans.d

১৮. "[illegible]" [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: গ

১৯. কয়টি দেশের সাথে আফগানিস্তানের [illegible] সীমান্ত রয়েছে? [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: ক

২০. Name the country sharing largest border with Afghanistan. NCC Bank Ltd. Officer: 12

Ans. Pakistan.

২১. পাকিস্তান ও আফগানিস্তান-এর মধ্যে যে আন্তর্জাতিক সীমানা [illegible] (BSC) [illegible]

ক) [illegible] লাইন খ) [illegible] লাইন

গ) [illegible] লাইন ঘ) [illegible] লাইন উত্তর: ক

২২. [illegible] আফগানিস্তানের সীমান্ত [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: ক

২৩. [illegible]

ক) [illegible] সালে খ) [illegible] সালে

গ) [illegible] সালে ঘ) [illegible] সালে উত্তর: ক

২৪. [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: গ

২৫. [illegible] (এম. বি. আই) [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: খ

২৬. [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: গ

২৭. [illegible] 'স্নায়ুযুদ্ধ' [illegible]

ক) [illegible] খ) [illegible]

গ) [illegible] ঘ) [illegible] উত্তর: গ

## উত্তেজনা প্রশমন বা দাঁতাত (Detente)

[illegible] (Outer Space Treaty) [illegible] (Anti-Ballistic Missile Treaty - ABMT) [illegible] SALT (Strategic Arms Limitation Talks) - 1 [illegible] SALT 2 [illegible] SALT-II [illegible] ABMT [illegible] CSCE (Conference on Security and Co-operation in Europe) [illegible] CSCE [illegible]

[illegible] CSCE [illegible] OSCE (Organization for Security & Co-operation in Europe)

## MCQ Solution

১. Outer Space Treaty কবে স্বাক্ষরিত হয়? [illegible]

ক) [illegible] সালে খ) [illegible] সালে

গ) [illegible] সালে ঘ) [illegible] সালে উত্তর: ক

২. Anti-Ballistic Missile Treaty স্বাক্ষরিত [illegible]

ক) [illegible] সালে খ) [illegible] সালে

গ) [illegible] সালে ঘ) [illegible] সালে উত্তর: ক

৩. যুক্তরাষ্ট্র কবে একতরফাভাবে ABM (Anti-Ballistic Missile) চুক্তি থেকে [illegible]

ক) জুন [illegible] খ) জুন [illegible]

গ) জুন [illegible] ঘ) জুন [illegible] উত্তর: [illegible]

Scanned with CamScanner

৪. নিচের কোন চুক্তিটি যুক্তরাষ্ট্রের সিনেটে অনুমোদিত হয়নি? [২৭তম বিসিএস]
ⓚ ABM চুক্তি ⓚ SALT-1 চুক্তি
ⓖ SALT-2 চুক্তি ⓖ START-1 চুক্তি উত্তর: গ

৫. হেলসিংকি ঘোষণাপত্র (Helsinki Declaration) কোন সালে স্বাক্ষরিত হয়? [সাব-রেজিস্ট্রার: ০১]
ⓚ ১৯৬৫ সালে ⓚ ১৯৭৫ সালে
ⓖ ১৯৮৫ সালে ⓖ ১৯৯৫ সালে উত্তর: খ

৬. CSCE (Conference on Security and Co-operation in Europe) চুক্তিতে (১৯৭৫) মোট কয়টি দেশ স্বাক্ষর করেছিল? [শ্রম পরিদপ্তরে সহকারী শ্রম পরিচালক: ০৬]
ⓚ ২৩টি ⓚ ৩৩টি
ⓖ ৩৫টি ⓖ ৪১টি উত্তর: গ

## জোটনিরপেক্ষ আন্দোলন

## Non-Aligned Movement - NAM

দুই পরাশক্তির মধ্যেকার স্নায়ুযুদ্ধের পটভূমিতে জোটনিরপেক্ষকতার ধারণা গড়ে উঠেছিল। জোট নিরপেক্ষতা হল এমন একটি কূটনৈতিক কৌশল যার মাধ্যমে কোনো রাষ্ট্র পুঁজিবাদী বা সমাজতান্ত্রিক কোন জোটেই যোগদান করে না। অর্থাৎ ন্যাটো বা ওয়ারস জোটে যোগদান না করে উভয় জোটের সাথে বন্ধুত্ব বজায় রেখে নিরপেক্ষ এবং স্বাধীনভাবে কোন আন্তর্জাতিক সমস্যা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করাই হচ্ছে জোট নিরপেক্ষতা।



ন্যামের উদ্যোক্তা ৫ নেতা (বাম থেকে ডানে) : নেহেরু, নক্রুমা, নাসের, সুকর্ন এবং টিটো।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এশিয়া, আফ্রিকা এবং লাতিন আমেরিকার ঔপনিবেশিক শাসনমুক্ত নতুন দেশগুলো যৌথ আত্মরক্ষার প্রয়োজন অনুভব করে। এ প্রেক্ষিতে তৃতীয় বিশ্বের উন্নয়নশীল শান্তিপ্রিয় দেশগুলোকে একটি জোটে এনে পরাশক্তির প্রভাব মোকাবিলা করার জন্য উদ্যোগ গ্রহণ করেন মিশরের প্রেসিডেন্ট জামাল আবদাল নাসের, ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট সুকর্ন, যুগোশ্লাভিয়ার প্রেসিডেন্ট মার্শাল টিটো, ঘানার প্রেসিডেন্ট নক্রুমা এবং ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু। নির্জোট আন্দোলনের ভিত্তি ছিল ১৯৫৫ সালের এপ্রিল মাসে ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত আফ্রো-এশীয় রাষ্ট্রগুলির 'বান্দুং' সম্মেলন। নির্জোট আন্দোলনের প্রথম বৈঠক বসে ১৯৬১ সালের ১ সেপ্টেম্বর। সাবেক যুগোশ্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে অনুষ্ঠিত এ সম্মেলনে ২৫টি দেশ অংশগ্রহণ করে। এখানে উল্লেখ করা প্রয়োজন, জোটনিরপেক্ষ আন্দোলনের কোনো সদর দপ্তর নেই।

## MCQ Solution

১. NAM এর পূর্ণরূপ কি? [রাবি (আইন বিভাগ): ০৩-০৪]
ⓚ None Aligned Movement
ⓚ Non-Aligned Movement
ⓖ Not Aligned Movement
ⓖ None Alien Movement উত্তর: খ

২. তৃতীয় বিশ্ব বলতে বোঝায়- [জাতীয় সঞ্চয় পরিদপ্তর সহকারী পরিচালক: ০৯]
ⓚ উন্নত দেশসমূহ ⓚ উন্নয়নশীল দেশসমূহ
ⓖ তেল প্রধান দেশসমূহ ⓖ এশিয়ার দেশসমূহ উত্তর: খ

৩. জোটনিরপেক্ষ আন্দোলন কি অর্থে সংজ্ঞায়িত হয়েছিল? [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ স্নায়ুযুদ্ধকালীন পরাশক্তিদ্বয়ের সাথে মিত্রতা পরিহার
ⓚ নিরপেক্ষ নীতি বাস্তবায়ন
ⓖ স্নায়ুযুদ্ধকালীন পরাশক্তিদ্বয়ের বহুমাত্রিক জোটের অন্তর্ভুক্তি পরিহার
ⓖ নিরপেক্ষায়িত অবস্থান বজায় রাখা উত্তর: গ

৪. জোটনিরপেক্ষ আন্দোলন শুরু হয়- [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৪]
ⓚ ১৯৪৮ সালে ⓚ ১৯৫০ সালে
ⓖ ১৯৫৫ সালে ⓖ ১৯৬১ সালে উত্তর: গ

৫. বান্দুং সম্মেলন (Bandung Conference) অনুষ্ঠিত হয়েছিল কবে? [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক: ০৫]
ⓚ এপ্রিল, ১৯৫৫ ⓚ ফেব্রুয়ারি, ১৯৫৬
ⓖ জুন, ১৯৪৫ ⓖ ডিসেম্বর, ১৯৫৫ উত্তর: ক

৬. 'বান্দুং' শহরটি কোন দেশে অবস্থিত? [২৫তম/২৩তম বিসিএস]
ⓚ চীন ⓚ ইন্দোনেশিয়া
ⓖ যুগোস্লাভিয়া ⓖ মালয়েশিয়া উত্তর: খ

৭. NAM প্রতিষ্ঠিত হয় কত সালে? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অফিস সহায়ক: ২১]
ⓚ ১৯৫১ ⓚ ১৯৬১
ⓖ ১৯৭১ ⓖ ১৯৮১ উত্তর: খ

৮. জোটনিরপেক্ষ আন্দোলনের প্রথম শীর্ষ সম্মেলন (summit) কোথায়, কবে অনুষ্ঠিত হয়? [২৫তম বিসিএস/১৭তম বিসিএস]
ⓚ হারারে, ১৯৮৯ ⓚ বেলগ্রেড, ১৯৬১
ⓖ হাভানা, ১৯৭৩ ⓖ কায়রো, ১৯৭০ উত্তর: খ

৯. কে জোটনিরপেক্ষ আন্দোলনের সাথে যুক্ত নয়? [BREB সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন): ১৭]
ⓚ জহরলাল নেহেরু ⓚ মার্শাল টিটো
ⓖ ড. সুকর্ণ ⓖ আনোয়ার সাদাত উত্তর: ঘ

১০. জোটনিরপেক্ষ আন্দোলন (NAM) সদর দপ্তর কোথায়? [ইবি (সি ইউনিট): ১১-১২]
ⓚ বান্দুং ⓚ ঢাকা
ⓖ জাকার্তা ⓖ সদর দপ্তর নেই উত্তর: ঘ

Scanned with CamScanner




সোভিয়েত ইউনিয়ন ভেঙে ১৫টি রাষ্ট্র গঠিত হয়।

CIS এর সদস্য: পূর্ণ সদস্য দেশ ৯টি (রাশিয়া, মলদোভা, বেলারুশ, আর্মেনিয়া, আজারবাইজান, কাজাকিস্তান, উজবেকিস্তান, তাজিকিস্তান ও কিরগিজস্তান)। +

সহযোগী সদস্য দেশ ১টি (তুর্কমেনিস্তান)। [মুসলিম প্রধান দেশ]

CIS এর সদস্য নয়: ইউক্রেন, এস্তোনিয়া, লিথুয়ানিয়া, লাটভিয়া ও জর্জিয়া।

**পেরেস্ত্রইকা এবং গ্লাসনস্ত:** ১৯৮৫ সালে সোভিয়েত ইউনিয়নের কমিউনিস্ট পার্টির নেতৃত্বে আসেন মিখাইল গর্ভাচেভ। গর্ভাচেভ ছিলেন সর্বমহলে গ্রহণযোগ্য একজন উদারমনা রাজনীতিবিদ। তাঁকে উদ্দেশ্য করে ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার বলেছিলেন, "আমি গর্বাচেভকে পছন্দ করি। আমরা একসঙ্গে কাজ করতে পারি।" ক্ষমতা গ্রহণের পর গর্বাচেভ তাঁর পূর্বসূরি ব্রেজনেভের আগ্রাসী নীতি পরিত্যাগ করে খোলামেলা নীতি ঘোষণা করেন। তাঁর এ নীতি 'গ্লাসনস্ত' নামে পরিচিত। তিনি সোভিয়েত ইউনিয়নে সংস্কার পরিচালনার জন্য পেরেস্ত্রইকা নামে অপর এক কর্মসূচি শুরু করেন। গর্বাচেভ অবাধে জমি কেনা-বেচার অনুমোদন দিয়ে ফরমান জারি করেন। গ্লাসনস্ত ও পেরেস্ত্রইকা নীতির ফলে রাশিয়ায় অভ্যন্তরীণ সমস্যা দেখা দেয়। খোলামেলা নীতি গ্রহণের ফলে সোভিয়েত জনগণ সমাজতন্ত্রের ত্রুটিগুলো এবং এর ফলে সৃষ্ট অর্থনৈতিক দুরবস্থা নিয়ে খোলামেলা আলোচনা ও মত প্রকাশের সুযোগ পায়। এর ফলে কমিউনিস্ট পার্টির কঠোর শৃঙ্খলার বিরুদ্ধে রাশিয়ার অন্যান্য রিপাবলিকের জনগণ জেগে উঠে। জনতা অধিকতর স্বাধীনতা প্রত্যাশা করে।

**১৯৮৯ এর বিপ্লব:** গর্বাচেভ ছিলেন 'অভিন্ন ইউরোপীয় বাসভূমি' মতবাদের প্রবক্তা। তিনি পূর্ব বা পশ্চিম ইউরোপ বলতে অর্থাৎ ইউরোপকে ভাগ করতে চান নি। তিনি ইউরোপের স্থিতিশীলতা ও শান্তি বজায় রাখার স্বার্থে এক ইউরোপ চেয়েছিলেন। ১৯৮৯ সালে পোল্যান্ডের নির্বাচনের পর সংঘাত শুরু হলে গর্বাচেভ ঘোষণা করেন, সোভিয়েত ইউনিয়ন পূর্ব ইউরোপীয় রাষ্ট্রগুলোর অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করতে আগ্রহী নয়। ফলে পূর্ব ইউরোপের দেশগুলোতে সমাজতন্ত্র বিরোধীশক্তি মাথা উঁচু করে দাঁড়ানোর সুযোগ পায়। এদেরকে ইন্ধন দেয় পশ্চিমা গণতান্ত্রিক বিশ্ব। শান্তিপূর্ণ 'মখমল বিপ্লব' (Velvet Revolution) এর মাধ্যমে চেকোশ্লোভাকিয়ার কমিউনিস্ট শাসক গুস্তাভ হুসাকের ২০ বছরের শাসনের অবসান ঘটে। এই বিপ্লব ছড়িয়ে পড়ে পূর্ব ইউরোপের প্রতিটি দেশে। রক্তপাতহীন শান্তিপূর্ণ অভ্যুত্থানের মাধ্যমে পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক একদলীয় সরকারগুলোর পতন ঘটতে থাকে। অবসান ঘটে পূর্ব জার্মানির ১৩ বছরের শাসক এরিক হোনকারের, ২২ বছরের রুমানিয়ার শাসক নিকোলাস চসেস্কুর, ৪৩ বছরের হাঙ্গেরির শাসক ইয়ানুস কাদার এবং ৪৫ বছরের বুলগেরিয়ার সিভকভের। এরা ছিলেন স্ব স্ব দেশের কমিউনিস্ট পার্টির প্রধান। ১৯৮৯ সালের ৯ নভেম্বর পতন ঘটে জার্মানির বিভেদ প্রাচীরের, যে প্রাচীর দীর্ঘ ২৮ বছর জার্মান নাগরিকদের পূর্ব ও পশ্চিমে তথা সমাজতন্ত্র ও পুঁজিবাদের নামে পৃথক করে রেখেছিল। ১৯৯০ সালের ৩ অক্টোবর (মধ্যরাতে) দুই জার্মানি একীভূত হয়। ১৯৯১ সালে ওয়ারশ প্যাক্ট এবং কমেকন এর পতন ঘটে।

**সোভিয়েত ইউনিয়ন এর বিলুপ্তি:** সোভিয়েত প্রেসিডেন্ট মিখাইল গর্ভাচেভ দেশের অভ্যন্তরীণ বিশৃঙ্খলার সামাল দিতে ব্যর্থ হন। ১৯৯১ সালে ১৫ টি সোভিয়েত প্রজাতন্ত্র স্বাধীনতা ঘোষণার মধ্য দিয়ে পৃথক রাষ্ট্র গঠন করে। ৮ ডিসেম্বর, ১৯৯১ সোভিয়েত ইউনিয়ন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশগুলো Commonwealth of Independent States (CIS) গঠন করে। বেলারুশের রাজধানী মিনস্কে এর সদর দপ্তর স্থাপিত হয়। ২৬ ডিসেম্বর, ১৯৯১ সোভিয়েত ইউনিয়নের অবলুপ্তি ঘোষণা করা হয়। সোভিয়েত ইউনিয়নের পতনের মধ্যে দিয়ে স্নায়ুযুদ্ধের সমাপ্তি হয়।

## MCQ Solution

১. **সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্ভাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন?** [দুর্নীতি দমন পরিদর্শক: ০৪]
ⓚ ১৯৮৫ সালে ⓚh ১৯৮৬ সালে
ⓖ ১৯৮৭ সালে ⓖh ১৯৯০ সালে **উত্তর: ক**

২. **কার সম্বন্ধে মার্গারেট থ্যাচার উক্তি করেন যে, "এই লোকের সাথে আমরা কাজ করতে পারি?"** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ হেনরি কিসিঞ্জার ⓚh চৌ এন লাই
ⓖ নিকিতা ক্রুসচেভ ⓖh মিখাইল গর্ভাচেভ **উত্তর: ঘ**

৩. **'গ্লাসনস্ত'-এর অর্থ কী?** [১৪তম বিসিএস]
ⓚ সমাজতন্ত্রের সংগঠন
ⓚh খোলামেলা আলোচনা
ⓖ সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান
ⓖh সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠান **উত্তর: খ**

৪. **'গ্লাসনস্তনীতি' কোন দেশে চালু হয়েছিল?** [৩৫তম বিসিএস]
ⓚ চীন ⓚh সাবেক সোভিয়েত ইউনিয়ন
ⓖ হাঙ্গেরি ⓖh পোল্যান্ড **উত্তর: খ**

৫. **'গ্লাসনস্ত নীতি' কে প্রবর্তন করেন?** [সিএজি'র সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ⓚ পুতিন ⓚh ক্রুশ্চেভ
ⓖ ব্রেজনেভ ⓖh গর্বাচেভ **উত্তর: ঘ**

৬. **পেরেস্ত্রয়কা এর উদ্ভাবক কে?** [ঢাবি (খ ইউনিট): ৯৭-৯৮]
ⓚ প্রেসিডেন্ট ক্লিনটন ⓚh প্রেসিডেন্ট বুশ
ⓖ মিখাইল গর্বাচেভ ⓖh বরিস ইয়েলৎশিন **উত্তর: গ**

৭. **রাশিয়ার কোন প্রেসিডেন্ট দেশে অবাধে জমি কেনা-বেচার অনুমোদন দিয়ে ফরমান জারি করেছিলেন?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ⓚ ক্রুশ্চেভ ⓚh ব্রেজনেভ
ⓖ গর্বাচেভ ⓖh বরিস ইয়েলৎসিন **উত্তর: গ**

৮. **'অভিন্ন ইউরোপীয় বাসভূমি' এই মতবাদের প্রবক্তা কে?** [ইবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ মিখাইল গরবাচেভ ⓚh হিটলার
ⓖ উড্রো উইলসন ⓖh বিল ক্লিনটন **উত্তর: ক**

Scanned with CamScanner

৮. কত সালে আফগানিস্তান থেকে সোভিয়েত সেনা প্রত্যাহার করা হয়? [illegible]

(ক) ১৯৮৮ সালে (খ) ১৯৮৯ সালে
(গ) ১৯৯০ সালে (ঘ) ১৯৯১ সালে **উত্তর: খ**

১০. একনায়ক চসেস্কু কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ০৫]

(ক) রুমানিয়া (খ) হাঙ্গেরি
(গ) পোল্যান্ড (ঘ) বুলগেরিয়া **উত্তর: ক**

১১. 'Velvet Revolution' কি? [প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

(ক) Velvet সামগ্রীর উৎপাদন
(খ) সাবেক চেকোস্লোভাকিয়ার সমাজতন্ত্র বিরোধী আন্দোলন
(গ) গর্বাচেভের কর্মসূচি
(ঘ) এর কোন অস্তিত্ব নেই **উত্তর: খ**

১২. কোনটি বিলুপ্ত হয়েছে? [জাবি (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ): ০৯-১০]

(ক) ওয়ারশ প্যাক্ট (খ) ন্যাটো
(গ) সার্ক (ঘ) অ্যাপেক **উত্তর: ক**

১৩. কত সালে বার্লিন প্রাচীরের পতন হয়? [রাবি বিএড ভর্তি : ১৫]

*Or,*

**When was Berlin Wall demolished?** [Janata Bank Ltd. Assistant Executive Officer : 15]

(ক) ১৯৯৮ সালের ২২ ফেব্রুয়ারি
(খ) ১৯৮৯ সালের ৯ নভেম্বর
(গ) ১৯৮৯ সালের ১৯ নভেম্বর
(ঘ) ১৯৯৮ সালের ৯ নভেম্বর **উত্তর: খ**

১৪. আনুষ্ঠানিকভাবে দুই জার্মানি একত্রিত হয় - [১৩তম বিসিএস]

(ক) ২ অক্টোবর, ১৯৯০ (খ) ৩ অক্টোবর, ১৯৯০
(গ) ৪ নভেম্বর, ১৯৯০ (ঘ) ৫ ডিসেম্বর, ১৯৯০ **উত্তর: খ**

১৫. অবিভক্ত রাশিয়ার সর্বশেষ প্রেসিডেন্ট ছিলেন? [বাংলাদেশ টেলিভিশনের (১০ম গ্রেড) উপসহকারী প্রকৌশলী: ২৩]

*Or,*

**The last President of the Soviet Union was** - [Bangladesh Samabaya Bank Ltd Officer: 15]

(ক) ভ্লাদিমির পুতিন (খ) মিখাইল গর্বাচেভ
(গ) লিও টলস্টয় (ঘ) ব্রেজনেভ **উত্তর: খ**

১৬. **How many countries did the Soviet Union split into?** [Bangladesh Krishi Bank Officer: 12]

*Or,*

সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙে কয়টি রাষ্ট্র গঠন করা হয়েছিল? [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]

(a) 12 (b) 13
(c) 14 (d) 15 **Ans. d**

১৭. সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙে ১৫টি রাষ্ট্র গঠিত হয়- [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

(ক) ১৯৯০ সনে (খ) ১৯৯১ সনে
(গ) ১৯৯৩ সনে (ঘ) ১৯৯৭ সনে **উত্তর: খ**

১৮. **Soviet Union was formally ceased to exist in-** [National Bank Ltd. Probationary Officer: 14]

*Or,*

আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন কত সালে বিলুপ্ত করা হয়? [সমাজসেবা অধিদপ্তর: ০৬]

(a) 1990 (b) 1992
(c) 1991 (d) 1994 **Ans: c**

১৯. USSR বিলুপ্ত হয় কবে? [illegible]

(ক) ২৫ ডিসেম্বর, ১৯৯০
(খ) ২৬ ডিসেম্বর, ১৯৯১
(গ) ১ জানুয়ারি, ১৯৯১
(ঘ) ৩১ জানুয়ারি, ১৯৯১ **উত্তর: খ**

২০. CIS এর পূর্ণ রূপ কী? [বিভাগীয় কমিশনার কার্যালয় (রংপুর) অফিস সহকারী : ২৩]

(a) Commonwealth of Independent States
(b) Commonwealth of Independent Societies
(c) Commonwealth of Intelligence Services
(d) Central Intelligence Services **Ans. a**

২১. সিআইএস (CIS)-এর সদর দপ্তর- [সরকারি কর্ম কমিশন সচিবালয়ে সহকারী সচিব: ০৫]

(ক) মস্কোতে (খ) বাকুতে
(গ) মিনস্কে (ঘ) দুশানবে **উত্তর: গ**

২২. CIS বা কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস-এর সদস্য সংখ্যা- [পিএসসি সহকারী পরিচালক: ৯৮]

(ক) ১৪ (খ) ১২
(গ) ১১ (ঘ) ১০ **উত্তর:**

ব্যাখ্যা: সঠিক উত্তর হবে ৯।

২৩. কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস গঠিত হয়েছে - [জাবি (আন্তর্জাতিক সম্পর্ক): ০৯-১০]

(ক) সোভিয়েত ইউনিয়ন ভেঙে স্বাধীনতাপ্রাপ্ত রাষ্ট্রসমূহ নিয়ে
(খ) ল্যাটিন আমেরিকার দেশগুলো নিয়ে
(গ) এশিয়া ও আফ্রিকার জাতি-রাষ্ট্র এর সমন্বয়ে
(ঘ) সাবেক ব্রিটিশ কলোনিসমূহ নিয়ে **উত্তর: ঘ**

২৪. কোন দেশটি Commonwealth of Independent States (CIS) এর সদস্য রাষ্ট্র? [ঢাবি (ঘ ইউনিট): ০৩-০৪]

(ক) পোল্যান্ড (খ) চীন
(গ) বেলারুশ (ঘ) জার্মানি **উত্তর: গ**

২৫. কোন দেশটি CIS এর সদস্য নয়? [শ্রম পরিদপ্তরে সহকারী শ্রম পরিচালক : ০৬]

(ক) আর্মেনিয়া (খ) তাজাকিস্তান
(গ) উজবেকিস্তান (ঘ) আফগানিস্তান **উত্তর: ঘ**

২৬. সাবেক সোভিয়েত ইউনিয়ন হতে আলাদা হওয়া মুসলিম প্রজাতন্ত্র কোনটি? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার সহকারী পরিচালক: ১৯]

(ক) সার্বিয়া (খ) বেলারুশ
(গ) জর্জিয়া (ঘ) তাজিকিস্তান **উত্তর: ঘ**

Scanned with CamScanner

# উপনিবেশবাদের পতন

## Termination of Colonial Rule

### ব্রিটিশ উপনিবেশবাদের পতন

বিশ শতকের প্রথমদিকে ব্রিটেন পৃথিবীর সবচেয়ে বৃহৎ সাম্রাজ্যের অধিকারী ছিল। বিশ্বের মোট ঔপনিবেশিক অঞ্চলের শতকরা প্রায় ৪৫ ভাগ ছিল দেশটির দখলে। উপনিবেশগুলিই ছিল তার শক্তি ও সমৃদ্ধির প্রধান উৎস। প্রথম মহাযুদ্ধের পর দেশটির অবক্ষয় শুরু হয় এবং দ্বিতীয় মহাযুদ্ধের পর তার পতন ঘটে। একে একে হাত ছাড়া হতে থাকে উপনিবেশগুলো।

ব্রিটেনের উল্লেখযোগ্য উপনিবেশগুলোর স্বাধীনতা সংগ্রামের তালিকা -

**পাকিস্তান** ১৯৪৭ সালের ১৪ আগস্ট স্বাধীনতা লাভ করে।

**ভারত** ১৯৪৭ সালের ১৫ আগস্ট স্বাধীনতা লাভ করে। ১৫ আগস্ট - ভারতের স্বাধীনতা দিবস। ১৯৫০ সালের ২৬ জানুয়ারি ভারতের প্রথম সংবিধান কার্যকর হলে দেশটি প্রজাতন্ত্রে পরিণত হয়। ২৬ জানুয়ারি - ভারতের 'প্রজাতন্ত্র দিবস'।

**শ্রীলঙ্কা** ১৯৪৮ সালে 'সিলন' নামে স্বাধীনতা পায়। ১৯৭২ সালে দেশটির নাম পরিবর্তন করে শ্রীলঙ্কা করা হয়।

**মিয়ানমার** ১৯৪৮ সালে 'বার্মা' নামে স্বাধীনতা অর্জন করে। ১৯৮৯ সালে দেশটির নাম পরিবর্তন করে মিয়ানমার করা হয়।

**ঘানা** ১৯৫৭ সালে ব্রিটিশ উপনিবেশ গোল্ডকোস্ট ও পশ্চিমাঞ্চলীয় টগোল্যান্ড 'ঘানা' নাম ধারণ করে স্বাধীনতা অর্জন করে। স্বাধীনতা আন্দোলনের স্থপতি ছিলেন ড. কোয়ামে নক্রুমা। তিনি ছিলেন ঘানার প্রথম রাষ্ট্রপতি।

**মালয়েশিয়া** ১৯৫৭ সালে টেংকু আব্দুর রহমানের নেতৃত্বে স্বাধীনতা অর্জন করে। তিনি ছিলেন দেশটির প্রথম প্রধানমন্ত্রী।

**সিঙ্গাপুর** ১৯৫৯ সালে লি কুয়ানের নেতৃত্বে অভ্যন্তরীণ স্বশাসনক্ষমতা অর্জনের মাধ্যমে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের জোয়ালমুক্ত হয়। ১৯৬৩ সালে মালয়েশিয়া ফেডারেশনে যোগ দেয় সিঙ্গাপুর কিন্তু ফেডারেল সরকারের সঙ্গে ক্ষমতার ভাগাভাগি প্রশ্নে লি কুয়ানের অতিরিক্ত দর-কষাকষিতে রুষ্ট হয়ে ২ বছরের মধ্যে তৎকালীন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী টেংকু আব্দুর রহমান পার্লামেন্টে সিদ্ধান্ত নিয়ে সিঙ্গাপুরকে মালয়েশিয়া থেকে বের করে দেন। বাধ্য হয়ে ১৯৬৫ সালে সিঙ্গাপুর মালয়েশিয়া থেকে পৃথক হয়ে স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন লি কুয়ান ইউ। তাঁর সুযোগ্য নেতৃত্বে দুই যুগের মধ্যেই তৃতীয় বিশ্বের দেশটি প্রথম বিশ্বের দেশে পরিণত হয়। লি কুয়ানের আত্মজীবনীমূলক গ্রন্থ "*From third world to first*"।

**তানজানিয়া** ১৯৬১ সালে ব্রিটিশ উপনিবেশ 'ট্যাঙ্গানিকা' স্বাধীনতা অর্জন করে। ১৯৬৩ সালে আরেক ব্রিটিশ কলোনি 'জাঞ্জিবার দ্বীপপুঞ্জ' স্বাধীনতা লাভ করে। ১৯৬৪ সালে ট্যাঙ্গানিকা ও জাঞ্জিবার দ্বীপপুঞ্জ একীভূত হয়ে তানজানিয়া নাম ধারণ করে। স্বাধীনতা আন্দোলনের নেতা ছিলেন জুলিয়াস নিরেরে।

**উগান্ডা** ১৯৬২ সালে স্বাধীনতা লাভ করে।

**কেনিয়া** মাউ মাউ বিপ্লব (১৯৫২ - ৬০ খ্রি.) এর ফলশ্রুতিতে ১৯৬৩ সালে স্বাধীনতা লাভ করে।

**জিম্বাবুয়ের** ১৯৮০ সালে ব্রিটিশ কলোনি 'দক্ষিণ রোডেশিয়া' স্বাধীন জিম্বাবুয়ে নামে আত্মপ্রকাশ করে। শ্বেতাঙ্গ শাসনের বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দেন রবার্ট মুগাবে। স্বাধীনতার পর থেকে দীর্ঘ টানা ৩৭ বছর জিম্বাবুয়ে শাসন করেন রবার্ট মুগাবে। সময়ের পরিক্রমায় জাতীয় বীর থেকে একজন ক্ষমতালোভী দুর্নীতিপরায়ণ শাসকে পরিণত হন তিনি। অনিয়ম-দুর্নীতি এবং সাদা-কালোর দ্বন্দ্বে বিধ্বস্ত হয়ে পড়ে দেশটির অর্থনীতি। উচ্চ মুদ্রাস্ফীতির কারণে জিম্বাবুয়ের ডলার কার্যত মূল্যহীন হয়ে পড়ে। একটা সময় অবস্থা সামাল দিতে মিলিয়ন, বিলিয়ন, ট্রিলিয়ন ডলারের নোট ছাপাতে শুরু করে সরকার। এতে আরও অর্থনৈতিক ফাঁদে পড়ে জিম্বাবুয়ে। তবে আশার কথা হলো, ২০১৭ সালে মুগাবের পতনের পর জিম্বাবুয়ে আবার ঘুরে দাঁড়াতে শুরু করেছে।

**হংকং** ১৯৯৭ সালের ১ জুলাই ব্রিটেন গণচীনের কাছে হংকং এর নিয়ন্ত্রণ হস্তান্তর করে এবং সেই থেকে অঞ্চলটি 'এক দেশ, দুই ব্যবস্থা' (One Country, Two System) অনুসারে চীনের অধীনেই রয়েছে। হংকং এর অর্থনীতি তাই এখনো পুঁজিবাদী যেখানে সমগ্র চীন অনুসরণ করে কমিউনিজম। এই ব্যবস্থার মেয়াদ ৫০ বছর অর্থাৎ ২০৪৭ সাল পর্যন্ত এই ব্যবস্থা চালু থাকবে। হংকং

Scanned with CamScanner